ইঙ্গরেজী ১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

আইনের এই মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৯ সালের ২৪ ডিসেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি ফেব্রুআরি মাসের ২৮ তারিখের পরে তাঁহারদের ঐ মুসাবিদার রিপোর্ট করিতে হইবেক।

পোলীস পল্টনের সুনিয়ম ও সুশাসনের বিধি করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের ও উত্তরপশ্চিম দেশের গবর্ণমেণ্টের অধীনে পোলীসসংক্রান্ত যে সিপাহীরদিগকে নিযুক্ত করা গেল তাহারদের সুনিয়মের ও সুশাসনের বিধি করা বিহিত এই কারণে এই২ বিধান হইল।

[এই আইনের তফসীলে যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইতেছে সেই২ অপরাধ করিলে বঙ্গ দেশের ও উত্তর পশ্চিম দেশের পোলীস পল্টনের সিপাহীরদের এই আইনের অধীনে থাকিবার কথা ও বর্জ্জিত কথা।]

১ ধারা। বাঙ্গলা দেশের ও উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবেরদের অধীনে পোলীসসংক্রান্ত যে সিপাহীদিগকে নিযুক্ত করা গেল, তাহারদের সুশাসনের আরো উত্তম বিধি করিবার জন্যে ও তাহারদের মধ্যে সুনিয়ম রক্ষা হইবার জন্যে, ঐ২ পল্টনে ভুক্ত কি পল্টনের সঙ্গে কর্ম্মকারি এদেশীয় সকল হুদ্দাদার ও অচিহ্নিত হুদ্দাদার ও সিপাহী এই আইনের বিধানের অধীনে থাকিবেক। ও এই আইনের শেষভাগে যে ফর্দ্দ আছে সেই ফর্দ্দের লিখিত কোন অপরাধ করিলে তাহারদের বিচার নীচের লিখিত হুকুমমতে হইবেক। কিন্তু তদ্রূপ কোন পোলীস পল্টন কি তাহার কোন অংশ যুদ্ধের সময়ে, কিম্বা গবর্ণমেণ্টের বিপক্ষ অস্ত্রধারি কোন লোকেরদের সঙ্গে যুদ্ধ করিতে নিযুক্ত হইয়া, যদি গবর্ণমেণ্টের পল্টনের কোন সৈন্যাধ্যক্ষ সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হয়, তবে তাঁহার অধীন সৈন্যেরদের উপর যুদ্ধসম্পর্কীয় যে কোন আইন খাটে তাহা ঐ পোলীস পল্টনের সংক্রান্ত সকল সিপাহী প্রভৃতির উপর যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটে, ঐ সৈন্যাধ্যক্ষ সাহেবের এমত আজ্ঞা করিবার ক্ষমতা থাকিবেক ইতি।

[অপরাধের বিচার করিবার ক্ষমতা ঐ সৈন্যাধ্যক্ষ সাহেবের প্রতি থাকিবার কথা।]

২ ধারা। এই আইনের শেষ ভাগে যে ফর্দ্দ লেখা হইয়াছে সেই ফর্দ্দের লিখিত কোন অপরাধ করিবার নালিশ পোলীস পল্টনের কোন হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর নামে হইলে, সেই পল্টনের সৈন্যাধ্যক্ষ সাহেবের প্রতি ঐ অপরাধের বিচার করিবার ক্ষমতা অর্পণ হইল। ও সেই সাহেব মোকদ্দমার উপযুক্ত কারণ জানিলে এই আইনের বিধানমতে ঐ অপরাধির বিচার করিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবেরদের এলাকার কথা।]

৩ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যে অপরাধের বিচার করিতে পারেন এমত কোন অপরাধের নিমিত্তে পোলীস পল্টনের সকল হুদ্দাদার ও অচিহ্নিত হুদ্দাদার ও সিপাহী সাধারণ ফৌজদারী আদালতে দায়ী হইবেক, ও পোলীস পল্টনের সৈন্যাধ্যক্ষ সাহেব এই আইনমতে যে কোন মোকদ্দমার বিচার করিতে পারেন সেই মোকদ্দমার বিচার করিতে যদি মাজিষ্ট্রেট সাহেবেরও ক্ষমতা থাকে, তবে ঐ সৈন্যাধ্যক্ষ সাহেব আপনি অপরাধির বিচার না করিয়া, সেই বিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার নিকটে ঐ মোকদ্দমার সকল বৃত্তান্তের রিপোর্ট করিতে পারিবেন। পোলীস পল্ট-

trate is certified that an offence committed by an Officer, Non-Commissioned Officer, or Private of a Police Battalion is under trial by a Commanding Officer empowered under this Act to try the same, he shall stay his own proceedings.

[Arrest or confinement of persons charged.]

IV. When a Commanding Officer finds ground for the trial or investigation of any offence, he may direct the person charged, if an Officer or Non-Commissioned Officer, to be placed under arrest; if a Private to be placed in confinement.

[Language in which depositions to be taken down.]

V. The depositions of prosecutors and witnesses and the statements of offenders shall be taken down in the Vernacular language of the parties under examination, but it shall be competent to the Lieutenant-Governors of Bengal and of the North-Western Provinces, with respect to any of the offences enumerated in the annexed Table, to direct the Presiding Officer to record the depositions of witnesses by way of running narrative in his own hand-writing and in his own language and to dispense with a Vernacular record of the evidence in such cases.

[Default or recusancy of witnesses.]

VI. If any person not amenable to this Act, when duly summoned to appear as a witness shall not appear: or appearing shall refuse to give his evidence, the default or recusancy, as it may be, may be notified to the Magistrate having jurisdiction in the place where the trial is held under this Act, and the Magistrate shall be competent to deal with the case as if the default or recusancy had occurred in any matter pending before himself.

[Commanding Officers may commit for trial before Sessions Judge. Reference to Sudder Court when sentence of death is passed.]

VII. When a Commanding Officer shall be of opinion that any Officer, Non-Commissioned Officer, or Private charged with the commission of any of the offences enumerated in Article I. of the annexed Table is guilty, and that a sentence of two years' imprisonment with or without labor, and in the case of Non-Commissioned Officers or Privates with or without stripes, is inadequate to the offence, he shall commit the prisoner for trial before the Sessions Judge of any District in which the investigation may have been held, and the Sessions Judge shall try the prisoner as in ordinary cases provided. If the Sessions Judge convict the prisoner, he shall pronounce such sentence as he may think fit: but no sentence of death shall be carried into effect without the proceedings being referred for the revision of the Sudder Court, and the Sudder Court shall confirm or mitigate the sentence or acquit the prisoner as it may deem fitting.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

সের কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী যে অপরাধ করে, তাহার বিচার এই আইনমতের ক্ষমতাপন্ন কোন সৈন্যাধ্যক্ষ সাহেব করিতেছেন, এই কথা যদি মাজিষ্ট্রেট সাহেবকে জ্ঞাত করা যায়, তবে তিনি সেই মোকদ্দমায় আপনার কার্য্য স্থগিত করিবেন ইতি।

[যাহারদের নামে নালিশ হয় তাহারদিগকে নেগাহবানীতে রাখিবার কি কয়েদ করিবার কথা।]

৪ ধারা। সৈন্যাধ্যক্ষ সাহেব যখন কোন অপরাধের বিচার কি তজবীজ করিবার কারণ জানেন, তখন যাহার নামে নালিশ হইল সে যদি হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার হয় তবে তাহাকে নেগাহবানীতে রাখিবার হুকুম করিতে পারিবেন। সে যদি সিপাহী হয় তবে তাহাকে কয়েদ করিবার হুকুম করিতে পারিবেন ইতি।

[জোবানবন্দী যে ভাষাতে লিখিতে হইবেক তাহার কথা।]

৫ ধারা। ফরিয়াদীরদের ও সাক্ষিরদের জোবানবন্দী ও অপরাধিরদের এজহার তাহারদের নিজং ভাষাতে লিখিতে হইবেক। কিন্তু নীচের লিখিত ফর্দ্দেতে যে সকল অপরাধ লেখা হইয়াছে তাহার কোন অপরাধের বিষয়ে বাঙ্গলা দেশের ও উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবেরা বিচারপতি সাহেবকে এই হুকুম করিতে পারিবেন যে, তিনি সাক্ষিরদের জোবানবন্দী আপন হাতে আপন ভাষায় বিবরণের পাঠে লিখিয়া লন, ও এমন স্থলে দেশীয় ভাষাতে জোবানবন্দী না লেখেন ইতি।

[সাক্ষিরদের ত্রুটি কি স্বীকার না করিবার কথা।]

৬ ধারা। এই আইনমতে যাহারা বিচার্য্য নহে এমত কোন লোক সাক্ষিস্বরূপে হাজির হইবার সমন উপযুক্তরূপে পাইলে যদি হাজির না হয়, কিম্বা হাজির হইয়া যদি সাক্ষ্য দিতে স্বীকার না করে, তবে এই আইনমতে বিচার যে স্থানে হইতেছে সেই স্থানে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহাকে ঐ সাক্ষির হাজির না হইবার কিম্বা সাক্ষ্য দিতে স্বীকার না করিবার কথা জ্ঞাত করা যাইতে পারিবেক। তাহাতে সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিতথাকা কোন মোকদ্দমায় ঐ সাক্ষী হাজির না হইলে কি সাক্ষ্য দিতে স্বীকার না করিলে তিনি যেরূপে কার্য্য করিতে পারিতেন সেইরূপে ঐ বিষয়ে কার্য্য করিতে পারিবেন ইতি।

[সেশন জজ সাহেবের নিকটে সৈন্যাধ্যক্ষ সাহেবের কোন মোকদ্দমা অর্পণ করিবার কথা, ও প্রাণদণ্ডের আজ্ঞা হইলে সদর আদালতে অর্পণ করিবার কথা।]

৭ ধারা। নীচের লিখিত ফর্দ্দের ১ প্রকরণে যে২ অপরাধ লেখা হইয়াছে তাহার কোন অপরাধ করিবার নালিশ হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর নামে হইলে, সেই জন দোষী বটে কিন্তু অপরাধ বিবেচনায় পরিশ্রম সহিত কি পরিশ্রম ছাড়া দুই বৎসর কয়েদ, ও অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী হইলে মারিখাওয়ার সহিত কি তাহা ছাড়া দুই বৎসর কয়েদ অত্যল্প দণ্ড হয়, সৈন্যাধ্যক্ষ সাহেব যদি এইরূপ বোধ করেন, তবে তিনি যে জিলার মধ্যে ঐ মোকদ্দমার তজবীজ করিয়া থাকিবেন সেই জিলার সেশন জজ সাহেবের দ্বারা বিচার হইবার নিমিত্তে আসামীকে সোপর্দ্দ করিবেন। তাহাতে সাধারণ মোকদ্দমার যে বিধি আছে সেই বিধিমতে সেশন জজ সাহেব ঐ আসামীর বিচার করিবেন। সেশন জজ সাহেব যদি আসামীকে দোষী নির্ণয় করেন, তবে যে দণ্ড উচিত বুঝেন তাহার হুকুম করিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে, সকল রোয়দাদ সদর আদালতের তুষ্টির জন্যে অর্পণ না হইলে সেই দণ্ড করা যাইবেক না। তাহাতে সদর আদালত যেমন উচিত বোধ করেন তদ্রূপ ঐ হুকুম বহাল রাখিবেন কি লঘু দণ্ডের হুকুম করিবেন কিম্বা আসামীকে নির্দ্দোষ করিবেন ইতি।

[Commanding Officer's order of acquittal final. Proviso.]

VIII. When a Commanding Officer shall acquit the person tried, the order of acquittal shall be final; but it shall be competent to the Inspecter of Military Police in Bengal or the Commissioner of Military Police in the North Western Provinces, under such limitation and control as the Lieutenant-Governors of those Provinces may impose, on a review of the proceedings held by a Commanding Officer in any case, to direct the dismissal of the Officer, Non-Commissioned Officer, or Private under trial.

[Sentences by Commanding Officer.]

IX. When a Commanding Officer shall convict a person under trial, he shall pronounce such sentence as he may consider adequate to the offence committed, within the limits of the punishments prescribed in the annexed Table: but whenever the sentence pronounced shall in the case of Officers exceed simple imprisonment for or the forfeiture of pay for one month in the whole; or, in the case of Non-Commissioned Officers or Privates shall exceed six months' imprisonment with labor or with fifty stripes—the trial shall be referred for the confirmation of the Inspector or Commissioner as aforesaid; and it shall be competent to the Inspector or the Commissioner in any such case to confirm or mitigate the sentence imposed or to acquit the prisoner.

[In cases not referred, Inspector or Commissioner empowered to call for proceedings.]

X. In any case not referred by a Commanding Officer, it shall be competent to the Inspector or Commissioner as aforesaid to call for the proceedings and to confirm or mitigate the sentence pronounced or discharge the prisoner.

[No dismissal without sanction.]

XI. No Officer, Non-Commissioned Officer, or Private shall be dismissed except with the sanction of the Inspector or the Commissioner of Military Police, and in the case of an Officer except with the sanction of the local Government.

[Non Commissioned Officer sentenced to corporal punishment shall also be reduced to the ranks.]

XII. When a Commanding Officer shall sentence a Non-Commissioned Officer to corporal punishment, he shall at the same time order him to be reduced to the ranks, unless the sentence include dismissal.

[Reduction to the ranks.]

XIII. When a Commanding Officer shall convict any Non-Commissioned Officer of any of the offences enumerated in the annexed Table, it shall be competent to him to reduce the offender to a lower grade or to the ranks, in lieu of or in addition

[*Government Gazette*, 14th January, 1860.]

[সৈন্যাধ্যক্ষ সাহেব নির্দ্দোষ হইবার যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবার কথা ও বর্জ্জিত কথা।]

৮ ধারা। যাহার বিচার হয় তাহাকে যদি সৈন্যাধ্যক্ষ সাহেব নির্দ্দোষ করেন, তবে তাঁহার সেই হুকুম চূড়ান্ত হইবেক। কিন্তু বাঙ্গলা দেশের কি উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবেরা যে সীমাপর্য্যন্ত ও যে তজবীজক্রমে অনুমতি করেন সেই সীমাপর্য্যন্ত ও সেই তজবীজক্রমে, বাঙ্গলা দেশের পোলীস পল্টনের ইনস্পেক্টর সাহেব, কিম্বা উত্তরপশ্চিম দেশের পোলীস পল্টনের কমিস্যনর সাহেব কোন মোকদ্দমায় সৈন্যাধ্যক্ষ সাহেবের কার্য্যের রোয়দাদ দৃষ্টি করিয়া ঐ বিচার করা হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে তগীর করিবার হুকুম করিতে পারিবেন ইতি।

[সৈন্যাধ্যক্ষ সাহেবের দণ্ডাজ্ঞার কথা।]

৯ ধারা। যাহার বিচার হয় তাহাকে যদি সৈন্যাধ্যক্ষ সাহেব দোষী নির্ণয় করেন, তবে তিনি নীচের লিখিত ফর্দ্দের নির্দ্দিষ্ট সীমার মধ্যে যে দণ্ড ঐ অপরাধের উপযুক্ত বোধ করেন সেই দণ্ডের হুকুম করিবেন। কিন্তু হুদ্দাদারেরদের যে দণ্ডের আজ্ঞা হয়, তাহা যদি এত কাল মিয়াদে কেবল কয়েদ হইবার অধিক হয়, কিম্বা সর্ব্বসুদ্ধ এক মাসের বেতনের অধিক জরীমানা হয়, অথবা অচিহ্নিত হুদ্দাদারেরদের কি সিপাহীরদের যদি পরিশ্রমসহিত ছয় মাসের অধিক কাল কয়েদ হইবার কি পঞ্চাশ বেতের অধিক মারি খাওয়ার হুকুম হয়, তবে ঐ তজবীজের কাগজপত্র মঞ্জুর হইবার জন্যে পূর্ব্বোক্তমতের ইনস্পেক্টর কি কমিস্যনর সাহেবের প্রতি অর্পিত হইবেক। তাহাতে ঐ ইনস্পেক্টর সাহেব কি ঐ কমিস্যনর সাহেব ঐ দণ্ড বহাল রাখিতে কি লঘু করিতে কিম্বা আসামীকে নির্দ্দোষ করিতে পারিবেন ইতি।

[কোন মোকদ্দমা অর্পন না হইলে কাগজপত্র তলব করিতে ইনস্পেক্টর কি কমিস্যনর সাহেবের ক্ষমতার কথা।]

১০ ধারা। সৈন্যাধ্যক্ষ সাহেব কোন মোকদ্দমা অর্পণ না করিলেও উক্ত ইনস্পেক্টর সাহেব কি কমিস্যনর সাহেব সেই মোকদ্দমার কাগজপত্র তলব করিয়া, দণ্ডের যে হুকুম হইয়াছে তাহা বহাল রাখিতে কি লঘু করিতে পারিবেন, কিম্বা আসামীকে মুক্ত করিতে পারিবেন ইতি।

[অনুমতি না হইলে কর্ম্মহইতে তগীর না হইবার কথা।]

১১ ধারা। পোলীস পল্টনের ইনস্পেক্টর সাহেবের কি কমিস্যনর সাহেবের অনুমতি না হইলে কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী তগীর হইতে পারিবেক না, ও হুদ্দাদার হইলে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতি না হইলে তগীর হইতে পারিবেক না ইতি।

[অচিহ্নিত হুদ্দাদারের মারি খাইবার হুকুম হইলে তাহাকে সিপাহী করা যাইবার কথা।]

১২ ধারা। সৈন্যাধ্যক্ষ সাহেব অচিহ্নিত হুদ্দাদারের মারি খাইবার হুকুম করিলে যদি তদ্ভিন্ন তাহার তগীর হইবার হুকুম না করেন তবে তাহার সিপাহীর কর্ম্মে পুনরায় নিযুক্ত হইবার হুকুম সেই সময়ে করিবেন ইতি।

[সিপাহীর কর্ম্মে পুনরায় নিযুক্ত করিবার কথা।]

১৩ ধারা। নীচের লিখিত ফর্দ্দেতে যে সকল অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন অপরাধ অচিহ্নিত কোন হুদ্দাদার করিয়াছে, সৈন্যাধ্যক্ষ সাহেব যদি বিচার করিয়া এমত নির্ণয় করেন, তবে তিনি যে দণ্ডের হুকুম করেন তাহার পরিবর্ত্তে কি তদ্ভিন্ন ঐ অপরাধির তৎকা-

to the punishment which he may inflict; but whenever the sentence is required to be confirmed by the Inspector or Commissioner aforesaid, the order for the reduction of the prisoner shall be subject to the same confirmation.

[Dismissal in lieu of or in addition to sentence.]

XIV. When a Commanding Officer shall convict a Non-Commissioned Officer or a Private of any of the offences enumerated in the annexed Table, he may order the offender to be dismissed in lieu of or in addition to the sentence which he may inflict.

[Forfeiture of claim to pension, on dismissal.]

XV. When any Officer, Non-Commissioned Officer, or Private shall be dismissed, he shall forfeit all claim to pension.

[Officers on detached duty in command may be vested with powers of Commanding Officer.]

XVI. When any Officer not being the Commanding Officer of a Battalion, shall be on detached duty in command of a Company or other party of the Battalion, it shall be competent to the Inspector or Commissioner of Military Police with the sanction of the local Government to vest him specially with the powers of a Commanding Officer of a Battalion for the trial of the offences defined in any or all of the following Articles of the annexed Table: that is, Articles 6, 7, 8, 9, 11, 12, 14, 15.

[Place of imprisonment.]

XVII. Any person sentenced to imprisonment under this Act may be confined in any prison or place that the local Government may think fit to direct.

[Returns of cases under trial.]

XVIII. It shall be competent to the Inspector or Commissioner of Police as aforesaid, subject to the approval and direction of the local Governments, to require Officers having authority to try offences under this Act to submit monthly or other returns of the cases under trial, and to prescribe suitable forms for the same.

[Commanding Officers' jurisdiction when detached on duty beyond the limits of the local Government to which the corps belongs.]

XIX. If a Battalion of Military Police or a party thereof be detached on duty beyond the limits of the Government to which it belongs, the jurisdiction vested in Commanding Officers of Battalions and in other Officers under Sections II. and XVI. of this Act may be exercised in any place, district, or province in which the said Battalion or party may be employed.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

লীন পদহইতে নীচ পদে কিম্বা সিপাহীর পদে নিযুক্ত হইবার হুকুম করিতে পারিবেন। কিন্তু যে স্থলে পূর্ব্বোক্ত ইনস্পেক্টর সাহেবের কি কমিসানর সাহেবের দ্বারা ঐ দণ্ড মঞ্জুর হইবার প্রয়োজন থাকে, সেই স্থলে নীচ পদে আসামীর নিযুক্ত হইবার হুকুমও তাঁহার দ্বারা বহাল হইবার প্রয়োজন হইবেক ইতি।

[দণ্ডের পরিবর্ত্তে কি তদ্ভিন্ন তগীর হইবার কথা।]

১৪ ধারা। নীচের লিখিত ফর্দ্দেতে যে সকল অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন অপরাধ অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী করিয়াছে সৈন্যাধ্যক্ষ সাহেব যদি বিচার করিয়া এমত নির্ণয় করেন, তবে যে দণ্ডের হুকুম করেন তাহার পরিবর্ত্তে কি তদ্ভিন্ন আসামীর তগীর হইবার হুকুমও করিতে পারিবেন ইতি।

[তগীর হইলে পেনসান পাইবার দাওয়া রহিত হইবার কথা।]

১৫ ধারা। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী যদি তগীর হয়, তবে তাহার পেনসান পাইবার সকল দাওয়া রহিত হইবেক ইতি।

[হুদ্দাদারেরা সরকারী কর্ম্মে অন্য স্থানে প্রেরিত হইয়া অধ্যক্ষতার কর্ম্ম পাইলে তাহারদিগকে সৈন্যাধ্যক্ষ সাহেবের ক্ষমতা দিবার কথা।]

১৬ ধারা। পল্টনের কোন কোম্পানি কি অন্য অংশ সরকারী কর্ম্মে স্থানান্তরে প্রেরিত হইলে যদি তাহারদের অধ্যক্ষতা কর্ম্মে সৈন্যাধ্যক্ষ সাহেব ভিন্ন কোন হুদ্দাদারকে পাঠান যায়, তবে স্থানবিশেষের গবর্ণমেণ্টের অনুমতিক্রমে পোলীস পল্টনের ইনস্পেক্টর সাহেব কি কমিসানর সাহেব ঐ হুদ্দাদারকে নীচের লিখিত ফর্দ্দের এই২ প্রকরণের অর্থাৎ ৬ ও ৭ ও ৮ ও ৯ ও ১১ ও ১২ ও ১৪ ও ১৫ প্রকরণের লিখিত কোন২ কি সকল অপরাধের বিচার করিবার জন্যে ঐ পল্টনের সৈন্যাধ্যক্ষ সাহেবের ক্ষমতা বিশেষমতে অর্পণ করিতে পারিবেন ইতি।

[কয়েদ হইবার স্থানের কথা।]

১৭ ধারা। এই আইনমতে যে কোন লোকের কয়েদ হইবার হুকুম হয় তাহাকে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে কোন জেলখানা কি স্থান উপযুক্ত জ্ঞান করেন সেই জেলখানায় কি স্থানে কয়েদ করা যাইতে পারিবেক ইতি।

[যে মোকদ্দমার বিচার হইতেছে তাহার রিটর্ণ পাঠাইবার কথা।]

১৮ ধারা। এই আইনমতে অপরাধের বিচার করিবার ক্ষমতা যে সৈন্যাধ্যক্ষ সাহেবেরদের থাকে তাঁহারদিগকে স্থানবিশেষের গবর্ণমেণ্টের সম্মতি ও আজ্ঞাক্রমে পোলীসের পূর্ব্বোক্ত ইনস্পেক্টর কি কমিসানর সাহেব, বিচারার্থে উপস্থিতথাকা মোকদ্দমার রিটর্ণ মাসে২ কি অন্য নিরূপিত সময়ে অর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও সেই রিটর্ণ লিখিবার উপযুক্ত পাঠও নির্দ্দিষ্ট করিতে পারিবেন ইতি।

[পল্টন যে দেশের গবর্ণমেণ্টের হয়, সেই দেশের সীমার বাহিরে কোন কর্ম্মে প্রেরিত হইলে সৈন্যাধ্যক্ষ সাহেবের ক্ষমতার কথা।]

১৯ ধারা। কোন পোলীস পল্টন যে গবর্ণমেণ্টের হয়, তাহার সীমার বাহিরে যদি ঐ পল্টনের কোন কোম্পানিকে কি তাহার কোন অংশ সরকারী কর্ম্মে পাঠান যায়, তবে ঐ কোম্পানি কি অংশ যে কোন স্থানে কি জিলাতে কি প্রদেশে ঐ কর্ম্মে নিযুক্ত থাকে, সেই২ স্থানে এই আইনের ২ ও ১৬ ধারামতে পোলীস পল্টনের সৈন্যাধ্যক্ষ সাহেবের ও হুদ্দাদারেরদের প্রতি যে ক্ষমতা দেওয়া যায়, সেই ক্ষমতামতে কার্য্য হইতে পারিবেক ইতি।

Table of Offences and punishments referred to in the foregoing Bill.

	If an Officer.	If a Non-Commissioned Officer or Private.
1. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall begin, excite, cause, or join in any mutiny or sedition in the Battalion or Corps to which he belongs or in any other Battalion or Corps, Police or Military, on any pretence whatever; or who being present at any mutiny or sedition shall not use his utmost endeavours to suppress it, or who coming to the knowledge of any mutiny, intended mutiny, or concealed combination against the State, shall not without delay give information thereof to his Commanding Officer, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table, that is to say—	To suffer death, or be transported for life, or to be imprisoned with or without labour for a term of years or be dismissed the Service.	To suffer death, or be transported for life, or be imprisoned with or without labor for a term of years or to suffer corporal punishment not exceeding one hundred stripes and with or without imprisonment, with or without labor, not exceeding seven years.
2. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall shamefully abandon or deliver up any garrison, fortress, post, or guard committed to his charge or which it was his duty to defend; or who shall use means to induce any other Officer, Non Commissioned Officer, or Private of any Battalion or Regiment whatever so to abandon or deliver up any such garrison, fortress, post, or guard, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for the period of two years with or without labor, with or without dismissal from the Service, or to dismissal with or without forfeiture of arrears of pay.	To imprisonment for two years with or without labor, and with or without corporal punishment not exceeding one hundred stipes, or to one hundred stripes with or without forfeiture of arrears of pay.
3. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall hold correspondence with or give intelligence to any person in arms against the State either directly or indirectly; or who coming to the knowledge of such correspondence or communication shall not discover it immediately to the Commanding Officer, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for the period of two years with or without labor, with or without dismissal from the Service, or to dismissal with or without forfeiture of arrears of pay.	To imprisonment for two years with or without labor, and with or without corporal punishment not exceeding one hundred stripes, or to one hundred stripes with or without forfeiture of arrears of pay.
4. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall treacherously, cowardly, or shamefully misbehave himself before any person in arms against whom he is led, or shamefully demur to perform any duty on which he is employed, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for the period of two years with or without labor, with or without dismissal from the Service, or to dismissal with or without forfeiture of arrears of pay.	To imprisonment for two years with or without labor and with or without corporal punishment not exceeding one hundred stripes, or to one hundred stripes with or without forfeiture of arrears of pay.
5. Any Officer, Non-Commissioned Officer, or Private who by the use of sounds, signs, or words or by any means whatever intentionally create false or unnecessary alarms in the party, Battalion, or other troops with which in quarters or elsewhere he may be employed, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned with or without labor for the period of two years.	To be imprisoned with or without labor for two years, or to suffer corporal punishment not exceeding one hundred stripes with or without imprisonment as aforesaid.
6. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall strike his superior Officer or shall draw or offer to draw or lift up any weapon or use or offer any violence against him, whether on or off duty, and under all circumstances in which his superior Officer may be distinguishable as such in any manner, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned with or without labor for the period of two years.	To be imprisoned with or without labor for two years, or to suffer corporal punishment not exceeding one hundred stripes with or without imprisonment as aforesaid.

	If an Officer.	If a Non-Commissioned Officer or Private.
7. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be grossly insubordinate or insolent to his superior Officer in the execution of his office, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes or to forfeit arrears of pay for one month.
8. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall strike or force any sentry, or shall strike or otherwise ill treat any other Officer, Non-Commissioned Officer, or Private, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month; or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To be imprisoned for the period of six months, with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
9. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall disobey any lawful command of his superior Officer, or refuse to perform any duty imposed on him, or shall break his arrest; or at any place and time when on duty shall quit his post or party for the purpose of plunder or otherwise; or shall knowingly contravene any order in force for the preservation of good order and discipline, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
10. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall desert or shall advise, persuade, or connive at desertion; or shall withhold any information likely to lead to the seizure of the deserter, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months, or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month; or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To be imprisoned for the period of six months, with or without corporal punishment not exceeding fifty stripes; or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
11. Any Private who being a sentry shall leave his post or duty without being regularly relieved or without leave, or who shall sleep on his post or duty, shall on conviction be liable to be sentenced as declared in the opposite column of this Table.		To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
12. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be drunk when on or required for duty, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
13 Any Officer, Non-Commissioned Officer, or Private belonging to a guard placed in charge of property of any kind, who shall plunder or injure that property or any portion thereof, or shall connive at the act of plunder or injury being committed by any person whatever, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

	If an Officer.	If a Non-Commissioned Officer or Private.
14. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall do violence to any person furnishing supplies for the use of his party or Battalion or other troops, or shall force a safeguard, or shall break into any place for plunder, or shall plunder, waste, or injure any property whatever, or shall connive at any such acts, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months, or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of six months with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property plundered or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.
15. Any Officer, Non-Commissioned Officer, or Private who at any post or on the march shall illegally and against the will of any person extort money or property of any description on any pretence whatever, or shall without authority exact from villagers or others carriage, porterage, or provisions, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months; or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months; and in any case the value of the property extorted or thing exacted, may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of six months with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property extorted or thing exacted may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.
16. Any Non-Commissioned Officer or Private who shall purloin or designedly lose or injure or waste his horse, arms, clothes, accoutrements, ammunition, or regimental necessaries, or any of the above articles belonging to any soldier, shall on conviction be liable to be sentenced as declared in the opposite column of this Table.		To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the thing lost, wasted, or injured may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.
17. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall embezzle, purloin, or fraudulently misapply any money entrusted to him on the public account or for any public purpose, or any stores or property of any kind belonging to Government entrusted to his charge, or shall wilfully spoil such property or suffer it to be spoiled, or shall be concerned in or connive at any such embezzlement or fraudulent misapplication, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months; and in any case the value of the property embezzled, purloined, or fraudulently misapplied or spoiled may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month; and in any case the value of the property embezzled, purloined, or fraudulently misapplied or spoiled may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.
18. Any person who shall steal or be accessory to the theft of money or goods the property of any person belonging to or serving with his Battalion or with any other Battalion or Corps, if the value of the property stolen do not exceed fifty Rupees, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned with or without labor for six months, and the value of the property stolen may be recovered from the seizure and sale of any goods belonging to the offender.	To be imprisoned for the period of with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes; and the value of the property stolen may be recovered from the seizure and the sale of any goods belonging to the offender.

	If an Officer:	If a Non-Commissioned Officer or Private.
19. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall without proper authority release or aid or connive at the escape of any prisoner, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding six months; or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month; or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To be imprisoned for the period of six months with or without corporal punishment not exceeding fifty stripes, or to suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
20. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be guilty of any carelessness, neglect, or disorder done or suffered to the breach of duty and of good order and discipline, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with for without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
21. Any person amenable to the provisions of this Act who, when duly summoned to appear before any Court constituted by the Act, shall not attend or shall refuse to be sworn or to make affirmation, or to answer any lawful question, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month; or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To be imprisoned for three months with or without labor and with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two months.
22. Any person using menacing or disrespectful words, signs, or gestures in any Court constituted by this Act in the presence of the Presiding Officer, shall, if amenable to this Act, on conviction, be liable to be sentenced as declared in the opposite columns of this Table; if otherwise, to a fine not exceeding one hundred Rupees, or in default of payment to imprisonment not exceeding two months.	To be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month, or to forfeit pay not exceeding one-half of the sum due for two successive months.	To suffer corporal punishment not exceeding fifty stripes, or to forfeit arrears of pay for one month.
23. Any Officer, Non-Commissioned Officer, or Private who shall be found guilty of wilfully and knowingly giving false evidence on oath or affirmation on any trial before any Court constituted by this Act, shall on conviction be liable to be sentenced as declared in the opposite columns of this Table.	To be imprisoned for a period not exceeding or to be dismissed the Service with or without the forfeiture of arrears of pay for one month.	To be imprisoned for a period not exceeding with or without labor.

W. Morgan,
Clerk of the Council.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৩০। ১৭ জানুআরি।]

এই আইনের মুসাবিদাতে যে২ অপরাধের ও দণ্ডের কথা আছে তাহার ফর্দ্দ।

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী হইলে।
১। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী যে কোম্পানির কি পল্টনের লোক হয় তাহার মধ্যে, কিম্বা যুদ্ধসম্পর্কীয় কি পোলীসসম্পর্কীয় অন্য কোন কোম্পানির কি পল্টনের মধ্যে, যদি কোন স্থলে কোন রাজবিদ্রোহিতার কি অবাধ্যতার আরম্ভ করে কি তাহা উস্কাইয়া দেয় কি তাহার কারণ হয় কি তাহাতে মিলে, কিম্বা কোন রাজবিদ্রোহিতা কি অবাধ্যতা করণকালে বর্ত্তমান থাকিয়া যদি তাহা দমন করিতে সাধ্যমতে যত্ন না করে, কিম্বা কোন রাজবিদ্রোহিতা কার্য্য কি রাজবিদ্রোহিতার কল্পনা কিম্বা রাজ্যবিপরীত কোন গুপ্ত ষড়যন্ত্রের কথা জানিতে পাইয়া, যদি অগৌণে তাহার সম্বাদ সৈন্যাধ্যক্ষ সাহেবকে না দেয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার প্রাণদণ্ডের, কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা পরিশ্রম সহিত কি তাহা ছাড়া কতক বৎসর মিয়াদে কয়েদ হইবার কিম্বা তগীর হইবার আজ্ঞা হইবেক।	তাহার প্রাণদণ্ডের, কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের, কিম্বা পরিশ্রম সহিত কি তাহা ছাড়া কতক বৎসর মিয়াদে কয়েদ হইবার, কিম্বা এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার ও তদ্ভিন্ন পরিশ্রম সহিত কি পরিশ্রম বিনা সাত বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা কয়েদ না হইবার হুকুম হইবেক।
২। কোন হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর জিম্মায় যে কোন কিল্লা কি গড় কি স্থান কি চৌকী দেওয়া যায়, কিম্বা যে কোন কিল্লাপ্রভৃতি রক্ষা করিবার কর্ম্ম তাহার হয়, তাহা যদি সে লজ্জাকররূপে ত্যাগ করে কি হস্তান্তরে সমর্পণ করে, কিম্বা তদ্রূপ কোন কিল্লা কি গড় কি স্থান কি চৌকী ত্যাগ করিতে কি হস্তান্তরে অর্পণ করিতে কোন কোম্পানির কি কোন পল্টনের হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে প্রবৃত্তি দিবার উপায় করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রম সহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ থাকিবার ও তদ্ভিন্ন সরকারী কর্ম্মহইতে তগীর হইবার কি না হইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া তগীর হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন এক শত বেত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনী বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।
৩। রাজ্যের বিপক্ষে অস্ত্রধারি কোন লোকের সঙ্গে যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী লিখনপঠন করে কিম্বা তাহাকে স্পষ্টরূপে কি চক্রান্তে কিছু সম্বাদ দেয়, কিম্বা তদ্রূপ লিখনপঠন হইবার কি সম্বাদ দেওয়া যাইবার কথা জানিতে পাইয়া যদি তৎক্ষণাৎ সৈন্যাধ্যক্ষ সাহেবকে না জানায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন সরকারী কর্ম্মহইতে তগীর হইবার কি না হইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া তগীর হইবার হুকুম হইবেক	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার, ও তদ্ভিন্ন এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।
৪। অস্ত্রধারি কোন লোকের সঙ্গে যুদ্ধ করিতে যে কোন হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে আনা যায় তাহার সম্মুখে যদি সে বিশ্বাসঘাতকতারূপে কি ভিরুরূপে কি লজ্জাকররূপে অনুচিত কর্ম্ম করে, কিম্বা যে কর্ম্মে নিযুক্ত থাকে তাহা করিতে লজ্জাকররূপে টালমটাল করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন সরকারী কর্ম্মহইতে তগীর হইবার কি না হইবার, কিম্বা পাওনা বেতন পাইয়া কি না পাইয়া তগীর হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার ও তদ্ভিন্ন এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা তাহার পাওনা বেতন পাইয়া কি না পাইয়া এক শত বেত খাইবার হুকুম হইবেক।
৫। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী পল্টনের যে অংশের কি যে কোম্পানির কি সিপাহীদের সঙ্গে ছাউনি স্থানে কি অন্য স্থানে কর্ম্মে নিযুক্ত থাকে তাহারদের মিথ্যা কি অনাবশ্যকমতে যদি শব্দ কি ইশারা কি কথা দ্বারা কি অন্য উপায়ে জানিয়াশুনিয়া ভয় জন্মায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার, কিম্বা উক্তমতে কয়েদ হইয়া কি না হইয়া এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার হুকুম হইবেক।

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সীপাহী হইলে।
৬। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ কোন হুদ্দাদারকে মারে, কিম্বা সে হুদ্দাদার কর্ম্মে নিযুক্ত থাকিলে কি না থাকিলে যে অবস্থায় তাহাকে কোন প্রকারে উপরিস্থ কার্য্যকারক বলিয়া চেনা যায় এমত কোন অবস্থায় যদি তাহার বিপক্ষে কোন অস্ত্র খোলে কি খুলিতে কি তুলিতে উদ্যোগ করে কিম্বা তাহার উপর কোন জোর করে কি করিতে উদ্যোগ করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহা বিনা দুই বৎসর কয়েদ হইবার, কিম্বা উক্তমতে কয়েদ হইয়া কি না হইয়া এক শত বেতপর্য্যন্ত মারি খাইবার হুকুম হইবেক।
৭। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ হুদ্দাদারের কার্য্যনির্ব্বাহ কালে তাহার নিকটে তাহারূপে অবাধ্য কি দেমাগী হয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
৮। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কোন সান্ত্রীকে মারে কি তাহার উপর জোর করে কিম্বা অন্য কোন হুদ্দাদারকে কি অচিহ্নিত হুদ্দাদারকে কি সিপাহীকে মারে কি অন্য প্রকারে তাহার প্রতি কুব্যবহার করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা তাহার দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
৯। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার উপরিস্থ হুদ্দাদারের কোন উপযুক্ত হুকুম না মানে কিম্বা তাহাকে যে কর্ম্ম করিতে বলা যায় তাহা করিতে স্বীকার না করে কিম্বা নেগাহবানীতে রাখা গেলে যদি চলিয়া যায়, কিম্বা কোন স্থানে ও সময়ে কোন কর্ম্মে নিযুক্ত হইলে যদি লুঠ কি অন্য কর্ম্ম করিবার জন্যে আপনার স্থান কি সঙ্গি লোকদিগকে ছাড়িয়া যায় কিম্বা সুনিয়ম ও সুশাসন রক্ষার জন্যে যে কোন হুকুম প্রবল থাকে তাহা যদি জানিয়া লঙ্ঘন করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার, কিম্বা দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১০। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কর্ম্ম ছাড়িয়া পলায় কি পলাইবার পরামর্শ কি প্রবৃত্তি দেয় কি পলাইবার কথা জানিয়া তাহা না জানিবার মত করে, কিম্বা পলাতক ব্যক্তির গ্রেফ্তার যাহাতে হয় এমত সম্বাদ জানিয়া না কহে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন পাইয়া কি না পাইয়া কর্ম্মহইতে তগীর হইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
১১। কোন সিপাহী সান্ত্রী হইয়া যদি ছুটী না পাইয়া কিম্বা অন্য লোক তাহার বদলি হইয়া না আইলে আপনার দাঁড়াইবার স্থান কি আপনার কর্ত্তব্য কর্ম্ম ছাড়িয়া যায়, কিম্বা আপনার দাঁড়াইবার স্থানে কি কর্ম্ম করিবার কালে ঘুমায়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহাকে সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা এক মাসের বেতন কাটা যাইবার হুকুমহইবেক।
১২। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কর্ম্ম করিবার কালে কিম্বা কর্ম্ম করিতে হইলে যদি মাতাল হয় তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ		

	হুদ্দাদার হইলে	অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী হইলে।
১৩। কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কোন প্রকারের সম্পত্তির তৈনাতী কর্ম্মে নিযুক্ত হইয়া যদি সেই সম্পত্তি কি তাহার কোন অংশ লুঠ করে কি নোকসান করে, কিম্বা কোন লোকের দ্বারা তাহার লুঠ কি নোকসান হইবার কালে তাহা দেখিয়া না দেখিবার মত করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার, কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।
১৪। কোন হুদ্দাদারের কি অচিহ্নিত হুদ্দাদারের কি সিপাহীর সঙ্গি সৈন্যেরদের কি পল্টনের কি অন্য সৈন্যেরদের রসদ যে জন যোগায় তাহার প্রতি যদি ঐ হুদ্দাদারপ্রভৃতি কোন জোর করে, কিম্বা বলার্থ কোন লোকপ্রভৃতিকে যদি তাড়ায় কিম্বা লুঠ করিবার জন্যে কোন স্থানে জোর করিয়া প্রবেশ করে, কিম্বা কোন প্রকারের দ্রব্য লুঠ কি অপচয় কি নোকসান করে কিম্বা তদ্রূপ কোন কর্ম্ম দেখিয়া না দেখিবার মত করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা সরকারের কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া ঐ লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া লুঠকরা কি নোকসানী দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবেক।
১৫। যদি কোন হুদ্দাদার কি অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী কোন স্থানে থাকিয়া কি কুচ হইয়া অন্য স্থানে যাইবার সময়ে বেআইনীমতে ও কোন লোকের অনিচ্ছাতে ভয় দেখাইয়া তাহার টাকা কি কোন প্রকারের দ্রব্য কোন প্রকারের ছলনাতে লয় কিম্বা অনুমতি না পাইয়া জোর করিয়া কোন গ্রামের লোকেরদের কি অন্যেরদের গাড়ি বেগার লয় কি কোন লোকপ্রভৃতিকে বেগার ধরে কি রসদ লয় তবে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কি দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন ভয় দেখাইয়া কি জোর করিয়া যে দ্রব্য হরণ করা গিয়াছে তাহার মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার, কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার এক মাসের পাওনা বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন ভয় দেখাইয়া কি জোর করিয়া যে দ্রব্য হরণ করা গিয়াছে তাহার মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক।
১৬। যদি কোন অচিহ্নিত হুদ্দাদার কি সিপাহী আপনার ঘোড়া কি হাতিয়ার কি বস্ত্র কি পোশাক কি বাক্স গুলি কি পল্টনের আবশ্যক দ্রব্যাদি কিম্বা কোন সিপাহীর পূর্ব্বোক্ত কোন দ্রব্যাদি চুরী করে কি জানিয়া শুনিয়া হারায় কি নোকসান করে কি অপচয় করে তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ		তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার, কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয় তদ্ভিন্ন যে দ্রব্য হারাণ গেল কি যাহার অপচয় কি নোকসান হইল তাহার মূল্য ঐ অপরাধির কোন দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।

	জুন্দাদার হইলে	অচিহ্নিত জুন্দাদার কি সিপাহী হইলে।
১৭। কোন জুন্দাদারের কি অচিহ্নিত জুন্দাদারের কি সিপাহীর জিম্মায় কিছু টাকা সরকারের নিমিত্তে কি সরকারের কোন কার্য্যের নিমিত্তে দেওয়া গেলে কিম্বা সরকারের কোন প্রকারের সরঞ্জাম কি দ্রব্য তাহার জিম্মায় দেওয়া গেলে যদি ঐ টাকার তহবীল ভাঙ্গে কি কিছু চুরী করে কি প্রতারণা করিয়া অনুপযুক্ত কর্ম্মে খরচ করে কিম্বা সেই দ্রব্যাদি জানিয়াশুনিয়া নষ্ট করে কি নষ্ট হইতে দেয়, কিম্বা সেই প্রকার তহবীল ভাঙ্গনের কি প্রতারণামতে টাকা খরচ করণের কোন কার্য্যে যদি তাহার সম্পর্ক থাকে কিম্বা তাহা জানিয়া যদি না জানিবার মত করে, তবে তাহার ঐ দোষ সাবুদ হইলে, সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত কোন দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা সরকারী কর্ম্মহইতে তগীর হইবার, ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার, কি না যাইবার কিম্বা দুই মাস তাহার পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন তহবীল ভাঙ্গিয়া লওয়া কি চুরীকরা কি প্রতারণামতে খরচকরা কি নষ্টকরা ঐ টাকার কি দ্রব্যের মূল্য ঐ অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।	তাহার এত কালপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক। ইহার মধ্যে যে হুকুম হয়, তদ্ভিন্ন তহবীল ভাঙ্গিয়া লওয়া কি চুরীকরা কি প্রতারণামতে খরচকরা কি নষ্টকরা ঐ টাকার কি দ্রব্যের মূল্য ঐ অপরাধির মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।
১৮। যদি কোন লোক আপনার কোম্পানির কি অন্য কোন কোম্পানির কি পল্টনের কোন ব্যক্তির কি ঐ পল্টনপ্রভৃতির সঙ্গে কর্ম্মকারি কোন ব্যক্তির টাকা কি মাল চুরী করে কি চুরী করিবার সহায় হয় তবে ঐ চুরীকরা দ্রব্যের মূল্য পঞ্চাশ টাকার অধিক না হইলে তাহার ঐ দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	পরিশ্রম সহিত কি তাহা ছাড়া তাহার ছয় মাস কয়েদ হইবার হুকুম হইবেক ও তদ্ভিন্ন ঐ চুরীকরা দ্রব্যের মূল্য অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।	তাহার এত কাল কয়েদ হইবার, ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার হুকুম হইবেক। তদ্ভিন্ন ঐ চুরীকরা দ্রব্যের মূল্য অপরাধির কোন মাল ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবেক।
১৯। যদি কোন জুন্দাদার কি অচিহ্নিত জুন্দাদার কি সিপাহী উপযুক্ত ক্ষমতা না পাইয়া কোন কয়েদীকে ছাড়িয়া দেয় কিম্বা তাহার পলাইবার সাহায্য করে কি তাহার পলাইবার কথা জানিয়া না জানিবার মত করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার, কিম্বা তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার, কিম্বা তাহার দুই মাসের পাওনা বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার ও তদ্ভিন্ন পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কি না খাইবার কিম্বা পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২০। যদি কোন জুন্দাদার কি অচিহ্নিত জুন্দাদার কি সিপাহী কর্ত্তব্য কর্ম্ম ও সুনিয়ম ও সুশাসনের লক্ষ্মন কার্য্য যাহাতে হয় এমত কোন অমনোযোগ কি শৈথিল্য কি অনিয়মিত কার্য্য করে কি করিতে দেয়, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২১। এই আইনের বিধানমতে যাহারদের বিচার হইতে পারে, এমত কোন লোককে এই আইনমতের স্থাপিত কোন আদালতে হাজির হইতে সমন করা গেলে যদি সে হাজির না হয়, কিম্বা হলফ করিতে কি ধর্ম্মত প্রতিজ্ঞা করিতে কিম্বা উপযুক্ত কোন জিজ্ঞাসার উত্তর করিতে স্বীকার না করে, তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবে কঅর্থাৎ	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেক পর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহাবিনা তিন মাস কয়েদ হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।

	জুদ্দাদার হইলে	অচিহ্নিক জুদ্দাদার কি সিপাহী হইলে।
২২। এই আইনদ্বারা স্থাপিত কোন আদালতে যদি কোন লোক বিচারপতির সম্মুখে ভয় জন্মাইবার কি অশ্রদ্ধার কোন কথা কহে কি ইশারা করে কি অঙ্গভঙ্গি করে তবে এই আইনমতের বিচার্য্য লোক হইলে তাহার দোষ সাবুদ হইলে সে এ ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক। যদি এই আইনমতের বিচার্য্য লোক না হয় তবে তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক ও জরীমানার টাকা না দিলে তাহার দুই মাসপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইবেক।	তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার কিম্বা তাহার পাওনা দুই মাসের বেতনের অর্দ্ধেকপর্য্যন্ত কাটা যাইবার হুকুম হইবেক।	তাহার পঞ্চাশ বেতপর্য্যন্ত মারি খাইবার কিম্বা তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার হুকুম হইবেক।
২৩। এই আইনদ্বারা স্থাপিত কোন আদালতে কোন মোকদ্দমার বিচারকালে যদি কোন জুদ্দাদার কি অচিহ্নিত জুদ্দাদার কি সিপাহী হলফ করিয়া কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিয়া ইচ্ছাপূর্ব্বক ও জানিয়াশুনিয়া অসত্য সাক্ষ্য দিবার দোষী হয় তবে তাহার দোষ সাবুদ হইলে সে এই ফর্দ্দের পার্শ্বের ঘরের লিখিত দণ্ডের যোগ্য হইবেক অর্থাৎ	তাহার এক কালপর্য্যন্ত কয়েদ হইবার কিম্বা তাহার সরকারী কর্ম্মহইতে তগীর হইবার ও তদ্ভিন্ন তাহার পাওনা এক মাসের বেতন কাটা যাইবার কি না যাইবার হুকুম হইবেক।	তাহার পরিশ্রমসহিত কি তাহাবিনা এত কালপর্য্যন্ত কয়েদ হইবার হুকুম হইবেক।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 29.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to forward to you for your information and for communication to the officers subordinate to you, the accompanying copy of an order of the 9th ultimo, passed by the Lieutenant-Governor in modification of Circular Order No. 36, dated 6th August, 1856, regarding the rate of travelling allowance to be drawn by Ministerial and Police officers, travelling by Railway when on duty.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 2nd December, 1859.

(COPY.)

CIRCULAR.

No. 76.

From Lord H. U. Browne, Under Secretary to the Government of Bengal, to the Officiating Register of the Sudder Court.

Fort William, the 9th November, 1859.

I am directed by the Lieutenant-Governor to forward for your information and guidance, and for communication to the officers subordinate to you, the accompanying copy of an order passed by the Lieutenant-Governor in modification of Circular Order No. 36, dated 6th August, so far as regards the rate of

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের দেওয়ানী ও ফৌজদারীর শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

আদালতের ও পোলীসের আমলাগণ যখন সরকারী কর্ম্মের নিমিত্তে রেলওয়ে গাড়িতে যায় তখন যে হিসাবে তাহারা পথখরচ লইবেক, ইহার ১৮৫৬ সালের ৬ আগষ্টের ৩৬ নম্বরের যে সরক্যুলর হইয়াছিল তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব গত মাসের ৯ তারিখে যে হুকুম করেন, তাহার এক কেতা নকল তোমার জানিবার জন্যে ও তোমার অধীন কর্ম্মকারকদিগকে জানাইবার নিমিত্তে সদর আদালতের হুকুমমতে পাঠাইতেছি।

এচ বি লাফর্ড।
এক্টিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ২ ডিসেম্বর।

সরক্যুলর।

৭৬ নম্বর।

সদর আদালতের এক্টিং রেজিষ্টর সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৯ সাল ৯ নবেম্বর।

আদালতের ও পোলীসের আমলাগণ যখন সরকারী কর্ম্মের নিমিত্তে রেলওয়ে গাড়িতে যায় তখন যে হিসাবে তাহারদের পথখরচ লইতে হইবেক ইহার যে কথা আগষ্ট মাসের ৬ তারিখের ৩৬ নম্বরের সরক্যুলর অর্ডরে হইয়াছিল তাহা মতান্তর করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব যে হুকুম জারী করিয়াছেন তাহার

travelling allowance to be drawn by Ministerial officers, and officers of Police, travelling by Railway when on duty.

Order. A Ministerial officer, Police officer, or other subordinate officer travelling on duty, who is entitled, under the circumstances, to draw travelling allowance reckoned by mileage, shall receive when travelling by Railway, in lieu of mileage rate, the actual cost of his Railway ticket.

An officer having a salary of 50 Rupees a month and upwards will be entitled to a second class ticket, and less than that sum to a third class ticket.

(Signed) H. U. BROWNE,
Under Secretary to the Government of Bengal.
(True Copy.)
R. STUART,
Assistant Register.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 31.

To the Zillah Judges and Deputy Commissioner of Hazareebagh.

I am directed to inform you that, as the Government contemplate appointing a Committee to enquire into the best method of conducting Pleaders' examinations, no examination for Senior Pleadership will be held next year. Examinations for Junior Pleadership will only be held in those Zillahs where there is a real and pressing want of pleaders in the Courts of the Sudder Ameens and Moonsiffs, and you are therefore requested to state for the information of the Court, whether there is any such want in the subordinate Civil Courts of your District.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 16th December, 1859.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 5th January, 1860.

Moonshee Fuqueer Ahmud, Moonsiff of Chuppye, Zillah Rajshahye, to be Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea; and Baboo Gour Chunder Mojumdar, Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea, to be Moonsiff of Chuppye, Zillah Rajshahye.

LEAVES OF ABSENCE.

The 5th January, 1860.

The unexpired portion of the leave of absence for two weeks, granted on the 9th December last, to Moulvie Mahomed Alum, Moonsiff of Nulchitty, Zillah Backergunge, is hereby cancelled.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

এক কেতা নকল তোমার জ্ঞাত হইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে এবং তোমার অধীন কার্য্যকারকদিগকে জানাইবার নিমিত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আদেশমতে তোমার নিকটে পাঠাইতেছি।

হুকুম এই যে, আদালতের কি পোলীসের আমলা কিম্বা তাবেদার অন্য কর্ম্মকারক সরকারী কর্ম্মের নিমিত্তে কোন স্থানে গেলে, যদি বিষয় বুঝিয়া তাহার যত মাইল যাইতে হয় তত মাইলের হিসাবে খরচ লইবার অনুমতি হয়, তবে রেলওয়ে গাড়িতে যাইতে হইলে মাইলের হিসাবে তাহার খরচ দেওয়া যাইবে না, কিন্তু তাহার রেলওয়ে গাড়ির টিকিটের দাম দেওয়া যাইবে।

যাহারা ৫০৲ টাকা ও তাহার অধিক বেতন পায় তাহারদের দ্বিতীয় কেলাসের টিকিট, ও ৫০৲ টাকার কম বেতন যাহারা পায় তাহারদের তৃতীয় কেলাসের টিকিট লইবার অনুমতি হইবেক।

এচ ইউ ব্রৌন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।
(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর আর্ডর।

৩১ নম্বর।

জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব বরাবরেষু।

আদেশমতে তোমাকে এই কথা জানাইতেছি। উকীলেরদের পরীক্ষা যেরূপে লইলে অতিউত্তম হয়, এই কথার সন্ধান লইবার জন্যে গবর্ণমেণ্ট কমিটি নিযুক্ত করিতে মনস্থ করিয়াছেন। এই কারণে আগামি বৎসরে উর্দ্ধ শ্রেণীর ওকালতী পদের জন্যে পরীক্ষা হইবেক না। যে২ জিলার সদর আমীনেরদের ও মুনসেফেরদের আদালতে উকীলেরদের নিযুক্ত হওয়া নিতান্ত অতিআবশ্যক হয়, কেবল সেই২ জিলাতে দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে পরীক্ষা হইবেক। অতএব তোমার জিলার অধঃস্থ দেওয়ানী আদালতে উকীলেরদের প্রয়োজন আছে কি না, এই কথা আদালতের নিকটে তোমার জানাইতে আদেশ হইতেছে।

এচ বি লাফর্ড।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ১৬ ডিসেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬০ সাল ৫ জানুআরি।

জিলা রাজশাহীর চাপাইয়ের মুনসেফ শ্রীযুত মুনশী ফকীর আহমদ জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ হইবেন ও জিলা নদীয়ার কাগপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার জিলা রাজশাহীর চাপাইয়ের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬০ সাল ৫ জানুআরি।

জিলা বাকরগঞ্জের নলছিটির মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আলমকে গত ডিসেম্বর মাসের ৯ তারিখে যে দুই সপ্তাহের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল ইহাতে রহিত হইয়াছে।

The 11th January, 1860.

Baboo Chundeechurn Banerjee, Moonsiff of Tobkebograh, Zillah Tipperah, for four months, on private affairs, in extension of the leave of absence granted to him under the Court's orders of the 24th October last.

Moonshee Mahomed Wally, Sudder Moonsiff of Comillah, Zillah Tipperah, for two months, under Medical Certificate, in extension of the leave of absence granted to him under the Court's orders of the 10th November last.

H. B. Lawford, *Offg. Register.*

১৮৬০ সাল ১১ জানুআরি।

জিলা ত্রিপুরার তোবকিবাগরার মুনসেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ বাঁড়ুয্যা সদর আদালতের গত অক্টোবর মাসের ২৪ তারিখের হুকুমমতে যে ছুটী পান তাহার অধিক চারি মাসের ছুটী আপনার কর্ম্মের নিমিত্তে পাইয়াছেন।

জিলা ত্রিপুরার কমিল্লার সদর মুনসেফ শ্রীযুত মুনশী মহম্মদ ওলি সদর আদালতের গত নবেম্বর মাসের ১০ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৭৪১৩ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এম রাইলি সাহেব (Mr. H. M. Reily,) পিরোজপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারায় যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে ঐ এলাকাখণ্ডে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ পাবনাতে প্রেরিত হইয়াছেন। ঐ জিলায় তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এম লৌইস সাহেব (Mr. J. M. Lowis,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ জে হর্সেল সাহেব (Mr. W. J. Herschel,) নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডর্সন সাহেব (Mr. W. H. Henderson,) শাহাবাদের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

অরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ এ কক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ২ আইনানুসারে ত্রিপুরা ও ছিলট ও চাটিগাঁয়েতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

অরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকাভুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ডেবি সাহেব (Mr. W. Davey.) ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ২ আইনানুসারে ত্রিপুরা ও ছিলট ও চাটিগাঁয়েতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৯ সাল ২২ ডিসেম্বর।

শ্রীযুত বাবু বেণিমাধব সোম পুরণিয়ার অরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা বীরভূমের সদর আমীন ও উক্ত জিলায় সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত সৈয়দ আবদুল রুফ রঙ্গপুরের সদর আমীন ও উক্ত জিলায় সদর মোকামের মুনসেফ হইবেন।

পুরণিয়াতে উররদীয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী ইনামউল হক মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ বসু B. A. জিলাটে প্রেরিত হইয়া ঐ জিলায় মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

আসিষ্টাণ্ট তত্ত্বাবধারক শ্রীযুত পান্নালাল জহরী কলিকাতার পূর্ব্বদিগের খালের কর্ম্মহইতে রাজধানীর এলাকায় প্রেরিত হইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

ককস বাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ কাশীম পোলীসের কার্য্যকারকের কর্ম্ম ত্যাগ করিয়া ১৮৫৯ সালের ১০ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে এফ লিনস সাহেব (Mr. J. F. Lynch,) ডেপুটী কালেক্টর হইয়া শাহাবাদে প্রেরিত হইবেন। ঐ স্থানে তিনি উক্ত জিলায় বন্দোবস্তকারক শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেবের (Mr. W. F. McDonell,) আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় হাবড়াতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ২ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে ঐ জিলায় কার্য্য করিবেন।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৯ সাল ২৬ ডিসেম্বর।

শ্রীযুত এ জে জাকসন সাহেব (Mr. A. J. Jackson,) ডাকাইতী নিবারণার্থ কমিসানর হইবেন।

১৮৫৯ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত পাদরি ডবলিউ স্পেনসর সাহেব (Reverend W. Spencer,) হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত এ জি ডফ সাহেব (Mr. A. G. Duff,) শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের গমনাগমন সময়ে তাঁহারি চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ৫ ডিসেম্বর।

বাঙ্গলা দেশের দশ সংখ্যক পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব (Lieutenant W. P. Davis,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১২ ডিসেম্বর।

রঙ্গপুরের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ১৯ ডিসেম্বর।

বাগুণ্ডীর নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইন্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) আপন নিরিশ্তার কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ২৫ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

শাসিরামের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে ডবলিউ ইনমেন সাহেব (Mr. J. W. Inman,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন শ্রীযুত জে ওয়েষ্টন সাহেব (Mr. J. Weston,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

অধস্থ আসাম দেশের এলাকাভুক্ত আসিস্টাণ্ট এবসিয়র শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র রুদ্র অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২১ ডিসেম্বর।

তৃতীয় শ্রেণীভুক্ত সব ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ মাকুলু সাহেব (Sub-Engineer W. McCulloh,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেব (Mr. F. A. E. Dalrymple,) রাজধানীর মেডিকাল কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থ চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৯ সাল ২৬ ডিসেম্বর।

কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ৩ প্রকরণানুসারে আপন কর্ম্মস্থানে পঁহুছনের নিমিত্তে অতিরিক্ত সাত দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২৮ নবেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বাকরগঞ্জ জিলার এক এলাকাখণ্ড স্থাপন হওয়া মঞ্জুর করিয়াছেন। তাহার নাম পিরোজপুর এলাকাখণ্ড হইবেক তাহার মধ্যে নিম্নের লিখিত থানা গণ্য হইবেক তাহার সদর মোকাম পিরোজপুর বিশেষতঃ।

টুগরা।
কেরওয়ারি কচুয়া।

২০৮৪ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

পরীক্ষক বোর্ডের রিপোর্টক্রমে রাজশাহী এলাকাভুক্ত নিম্নের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ১৮২১ সালের নবেম্বর মাসের ১৯ তারিখের গবর্নমেণ্টের নির্দ্ধারণক্রমে যে পরীক্ষা নির্দ্দিষ্ট হইয়াছিল তাহাতে উত্তীর্ণ হইয়াছেন এমত প্রকাশ হইয়াছে।

প্রথম শ্রেণীর পরীক্ষাতে
শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা।
শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস।

নিয়োগ।

১৮৫৯ সাল ২০ ডিসেম্বর।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলায় ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিস্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তাহা প্রাপ্ত হইয়াছেন। বিশেষতঃ

শ্রীযুত বাবু কালীচন্দ্র বাঁড়ুয্যা	...	রঙ্গপুরে।
শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস	...	পাবনাতে।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের এক্টিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্নমেণ্টের ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী নেমক চৌকীয়াত শহর কলিকাতা সন ১৮৬০ সাল ১২ জানুআরি।

যেহেতুক বন্দর সুতানুটির নেমকি বেপারিগণের গোলায় নেমক আমদানীরপ্তানী হওনকালীন নিম্নের লিখিত পরিমাণ নেমক রামধন প্রামাণিক ও রুক্নদাস নামক দুই ব্যক্তি বিনাদস্তীলে লইয়া যাওনকালীন নেমক চৌকি সুতানুটির কার্ত্তিক ও চৈতন্যসিংহ চাপরাশীগণকর্ত্তৃক ধৃত হওয়ায় উক্ত নেমক ধৃত হওয়ার অযোগ্য বোধে এই কাছারীহইতে ঐ নেমক খালাসের হুকুম হইয়াছিল এযাবৎ উক্ত ব্যক্তিগণ হাজির হইয়া নেমক না লওয়ায় ঐ নেমক চৌকি সুতানুটির দারোগার কাছারিতে মউজুদ আছে অতএব সাধারণের বিজ্ঞাপনার্থে এই ঘোষণাপত্র প্রকাশ করা যাইতেছে যে আগামি সন ১৮৬০ সালের ১৩ ফেব্রুআরি তারিখে শহর কলিকাতার শ্রীযুত জুষ্টিস অফ দি পীস সাহেবের হজুরে ১৮৪৯। ১৩ আইনের ২১ ধারার বিধানমতে বিচার হইবেক অতএব যে কেহ উক্ত নেমকের দাওয়া রাখে তাহার উচিত যে উক্ত দিবসে প্রশংসিতের হজুরে হাজির হইয়া আপন২ দাবী জানায়।

গ্রেপ্তারীর সন তারিখ	গারীদার নাম	আসামীর নাম	ভাইন নেমক
সন ১৮৫৯। ৬ ডিসেম্বর	কার্ত্তিকসিংহ চাপরাশী	রামধন প্রামাণিক	/৫৮
সন ঐ ৭ ডিসেম্বর	চৈতন্যসিংহ চাপরাশী	রুক্নদাস মুটিয়া	/০৮

এ ডবলিউ পীকক। কলিকাতার নেমক চৌকীর এক্টিং সুপরিণ্টেণ্ডেণ্ট।

[Government Gazette, 17th January, 1860.]

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬০ সাল তারিখ ৭ ফিব্রুআরি মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৮। ৫৯ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক ঐ নীলামে ১৭৮০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম	১২৭০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম	৫১০
জুমলা সিন্দুক	১৭৮০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ সরত সকল ধারানুসারে সন ১৮৫৯ সালের ১২ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬০ সালের ১৩ এবং ২২ ফিব্রুআরি এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরী রসিদ অথবা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬০ সালের ১৩ ফিব্রুআরি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট-খালাসি সববে কিম্মতের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৬০ সালের ২২ ফিব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় সন ১৮৬০ সালে নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

						বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬০ সালের	১২	মার্চ	সোমবার	অথবা	কিঞ্চিৎ পগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৯	আপ্রিল	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	০২৭০	৫১০	১৭৮০
ঐ	৭	মে	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১১	জুন	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৯	জুলাই	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৬	আগষ্ট	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	১০	সেপ্টেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৮	অকটোবর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	নবেম্বর	সোমবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭০	৫১০	১৭৮০
ঐ	৫	ডিসেম্বর	বুধবার	অথবা	কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১২৭৫	৫০৯	১৭৮৪
						৩২৭০৫	৫০১৯	১৭৮০৪

বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম। ১৮৬০ সাল তারিখ ৪ জানুআরি।

এসলি ইডেন। ছোট সেক্রেটরী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা চট্টগ্রাম।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলে চট্টগ্রাম।

এহার দ্বারায় সয়াদ দেওয়া যাইতেছে যে চট্টগ্রাম জেলাহার নীচের লিখিত মহালাতের মালগুজারীর বাকী বাবত ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ৩ ফেব্রুআরি মতাবেক সন ১২৬৬ বাঙ্গলা তারিখ ২২ মাঘ রোজ শুক্রবার দ্বিপ্রহরের সময় এই কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি ১৮৬০ ইং তারিখ ৬জানুআরি মতাবেক সন ১২৬৬ বাঙ্গলা তারিখ ২৩ পৌষ।

প্রথম শ্রেণীর কায়েমী মহাল।

৩৯ নম্বর নিং আনন্দী মানুক্কা মালিক রামচন্দ্র দে সদর জমা ১১৬০৩

A. W. RUSSELL, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রেম কোর্টের বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর বাদী।
হরিশ্চন্দ্র মিত্রদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান জানের মাহার ২৭ তারিখে শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেষ ওয়েল্চ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতা চাঁদনী চুক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিষ কোর্ট হৌস।

তারিখ ৯ জানের সন ১৮৬০ সাল।

বিজ্ঞাপন।

ইতিপূর্ব্বে ইং ১৭৯২ নাং ১৮৫৫ সাল আবশ্যকীয় যে সকল নজির ছিল তাহা মহামান্য সদর দেওয়ানী আদালত কর্ত্তৃক সংগ্রহ হইয়া ১৪ খণ্ডে ছাপা হইয়াছিল। যেহেতু উক্ত ১৪ খণ্ডহইতে কোন আবশ্যকীয় নজির অনুসন্ধান করিয়া বাহির করা সুকঠিন এই নিমিত্তে গবর্ণমেণ্টের আদেশক্রমে ১৮৫৬ সালে নূতন এক পুস্তক ইংরাজি ভাষায় উক্ত ১৪ খণ্ডের নির্য্যাসরূপ ৩ ভাগে অর্থাৎ প্রথম ভাগ সাধারণ আইন ও দ্বিতীয় ভাগ শাস্ত্র ও তৃতীয় ভাগ শরাসংক্রান্ত মোকদ্দমা ছাপা হইয়াছে। ঐ ইংরাজি ভাষার পুস্তক প্রকাশ হওয়াতে নজিরের অনুসন্ধান বিষয়ে যে ক্লেশ হইত তাহা রহিত হইয়াছে আর ঐ পুস্তক জেলাজাতের জজ ও প্রধান সদর আমীন ও সদর আমীন ও মুনসেফ ও উকীল ও তৎপদাকাঙ্ক্ষী ও মোক্তার ও জমীদার ও মহাজনপ্রভৃতির পক্ষে কিপর্য্যন্ত আবশ্যক তাহা বর্ণনাধিক, কিন্তু যাঁহারা ইংরাজি ভাষা না জানেন তাঁহারা ঐ পুস্তকের দ্বারা কোন উপকার প্রাপ্ত হইতে পারেন না। একারণ সর্ব্ব সাধারণের হিতার্থে উক্ত ইংরাজি পুস্তক ও তদতিরিক্ত ১৮৫৭ সালপর্য্যন্ত যে সকল নম্বরী ও সরাসরী নজির প্রচার ও প্রকাশ হইয়াছে তাহা সদর দেওয়ানী আদালতের নজির অনুবাদক শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র হালদার মহাশয়কর্ত্তৃক বঙ্গভাষায় অনুবাদ ও সংগ্রহ পূর্ব্বক ছাপা করিয়া স্বাক্ষরকারিদিগের পক্ষে ১০৲ টাকা ও অন্যান্য ব্যক্তির পক্ষে ডাক মাসুল সমেত ১২৲ টাকা মূল্য ধার্য্য করিলাম গ্রহণেচ্ছুক মহাশয়েরা টাকাসহ লিপি প্রেরণ করিলে ঐ পুস্তক পাইতে পারিবেন।

শ্রীমহম্মদ ইস্মাইল। উকীল সদর দেওয়ানী।

মোং কলিকাতা।

১৮৫৯ সালের ৮ আইনের সামান্য নির্ঘণ্ট এবং অভিধানের ন্যায় বর্ণমালানুযায়ী ইংরেজ প্রস্তুত ও প্রকাশিত হইয়া সদর আদালতের উকীল শ্রীযুত বাবু ভুবনমোহন রায় চৌধুরী মহাশয়ের আফিসে বিক্রেয় আছে। মূল্য ॥০ আনা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ১৭ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 24, 1860.

কলিকাতা মঙ্গলবার ১৮৬০ সাল ২৪ জানআরি।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 32.

To the Zillah Judges in the Lower Provinces and Deputy Commissioner of Hazareebagh.

In continuation of their Circular Order No. 31, of the 16th instant, I am directed by the Court to forward to you Copy of the Orders of Government No. 7352 of the 24th idem, and to state that the rule therein contained will apply to Candidates who may present themselves at the next examination for Junior Pleaderships in those districts where pleaders may be wanted.

(Signed) H. B. LAWFORD,
Offg. Register.

Fort William, the 31st December, 1859.

No. 7352.

From E. H. Lushington, Esq., Offg. Secretary to the Govt. of Bengal, to the Officiating Register, Sudder Court.

Dated Fort William, the 24th December, 1859.

I am directed by the Lieutenant Governor to acknowledge the receipt of your letter No. 1607, dated the 5th instant, and in reply to state that, if there are to be any Junior Pleadership examinations next year, the fee of Rupees 32 can be levied from every Candidate as proposed by the Court.

(Signed) E. H. LUSHINGTON,
Offg. Secy. to the Govt. of Bengal.

(True Copy,)
R. STUART,
Assistant Register.

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

৩২ নম্বর।

বঙ্গলাপ্রভৃতি দেশের জিলার শ্রীযুত জজ সাহেব ও হাজারীবাগের শ্রীযুত ডেপুটী কমিস্যানর সাহেব বরাবরেষু।

সদর আদালতের বর্ত্তমান মাসের ১৬ তারিখের ৩১ নম্বরের যে সরক্যুলর প্রকাশ হইয়াছিল, তাহার অতিরিক্ত আমি সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে গবর্ণমেণ্টের ঐ মাসের ২৪ তারিখের ৭৩৫২ নম্বরের হুকুম তোমার নিকটে পাঠাইয়া এই কথা জানাইতেছি। যে২ জিলাতে উকীলদিগের প্রয়োজন থাকে সেই২ জিলাতে দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে আগামিবার যে পরীক্ষা হইবেক তৎকালে যাঁহারা পরীক্ষা দিতে আইসেন তাঁহারদের উপর ঐ হুকুম খাটিবেক।

এচ বি লাফর্ড। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৯ সাল ৩১ ডিসেম্বর।

৭৩৫২ নম্বর।

সদর আদালতের একটিং রেজিষ্টর সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

তোমার বর্ত্তমান মাসের ৫ তারিখের ১৬০৭ নম্বরের পত্র শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকটে পঁহুছিয়াছে, ও তাঁহার আদেশমতে সেই পত্রের এই উত্তর লিখিতেছি। দ্বিতীয় শ্রেণীর ওকালতী কর্ম্মের নিমিত্তে যদি আগামি বৎসরে পরীক্ষা হয়, তবে যাঁহারা পরীক্ষা দিতে আইসেন তাঁহারদের প্রত্যেক জনের স্থানে আদালতের প্রস্তাবমতে ৩২৲ টাকা রসুম লওয়া যাইতে পারিবেক।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৭৪৬৮ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৮ ডিসেম্বর।

শ্রীযুত ক্লেমেণ্ট স্কন্স সাহেব M. R. C. S. (Mr. Clement Sconce, M. R. C. S.,) বারাসতে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন। এবং উক্ত জিলায় ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ২৯ ডিসেম্বর।

কামরূপের মুনসেফ ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেশচন্দ্র শর্ম্মা বড়ুয়া ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন এবং ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৯ সাল ৩০ ডিসেম্বর।

শ্রীযুত জি হস্‌মর সাহেব (Mr. G. Hosmer,) ভাগলপুরে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন এবং উক্ত জিলায় ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেটের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৩ জানুআরি।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) শ্রীযুত হর্সল সাহেবের (Mr. Herschel,) না আইসনপর্য্যন্ত উক্ত জিলার কালেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) বেহার ও পাটনায় অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

শ্রীযুত ডব লিউ কর্নেল সাহেব (Mr. W. Cornell,) ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত দিনাজপুরের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) সরকারী নিমক চৌকীর কন্ত্রোলর হইবেন।

শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট ও স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত আর এন শোর সাহেব (Mr. R. N. Shore,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট ও স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত কটকের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington,) পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট এবং স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এ সি প্লোডেন সাহেব (Mr. G. A. C. Plowden,) মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন কিন্তু উক্ত জিলার অতিরিক্ত সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৯ জানুআরি।]

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এচ এ কক্রেল সাহেব Mr. H. A. Cockerell,) বারাসতের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে এফ ব্রৌন সাহেব (Mr. J. F. Browne,) জরিপী কার্য্যের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ এলাকার সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম নির্ব্বাহ করিবেন। শ্রীযুত ব্রৌন সাহেব ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনানুসারে ত্রিপুরায় ও ছিলটে ও চাটিগাঁয়ে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৫ জানুআরি।

শ্রীযুত মৌলবী দিলাবর হুসেন ছিলটে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইবেন এবং উক্ত জিলায় ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ আর কক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) স্বীয় কর্ম্মোপলক্ষে পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৯ সাল ২৪ ডিসেম্বর।

আসাম দেশের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ এচ ব্রৌনলো সাহেব (Mr. W. H. Brownlow,) গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৩ জানুআরি।

নদীয়ার কালেক্টর শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr. E. E. Woodcock,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ১ ও ৩ প্রকরণানুসারে প্রস্তুত হওনার্থে নিয়মিত ছুটীসমেত স্বীয় কর্ম্মের নিমিত্তে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

মাগুরা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এম হালিডে সাহেব (Mr. F. M. Halliday,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন। এবং ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে প্রস্তুত হওনার্থে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

বারাসতের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর ও হেয়ুড সাহেব (Mr. R. O. Heywood,) স্বীয় কর্ম্মোপলক্ষে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

শাহিপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এ টি মাক্লিন সাহেব (Mr. A. T. Maclean,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে গত মাসের ২৩ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) ১৮৫৯ সালের অক্টোবর মাসের ২৪ তারিখের ফিনান্সিয়ল ডি-

পার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে গত মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

সকল লোকের জানিবার জন্যে ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। আলিপুরের জেলখানায় যে ছাপা খানা স্থাপন হইয়াছে তাহার কৃতকার্য্যতা সফল করিবার জন্যে, ও সরকারের কার্য্যকারক সাহেবপ্রভৃতি ছাপাকরা যে সকল শরওয়া পাঠাইবার পত্র লিখিয়া থাকেন তাহা আরো সহজরূপে প্রস্তুত হয় এই কারণে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব আজ্ঞা করিয়াছেন যে, গবর্ণমেণ্টের পাতরিয়া ছাপাখানা ও সিরিশতা বর্ত্তমান মাসের প্রথম দিবসঅবধি আলিপুর জেলখানার ছাপাখানায় লইয়া যাওয়া যায়।

কিন্তু যে সকল কার্য্যকারক সাহেবপ্রভৃতি ছাপাকরা কি লিথগ্রাফকরা যে সকল শরওয়া চাহেন তাহার নিমিত্তে তাঁহারা যেমন করিয়া আসিতেছেন তেমনি ষ্টেশ্যনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে লিখিবেন ও তিনি এখন যেমন করেন তেমনি অনাবশ্যক কোন শরওয়া বাহির না হওয়া নিবারণ করিবেন।

সরকারের লিথগ্রাফ প্রেস যখন স্বতন্ত্র ছিল তখন সরকারী কার্য্যকারকেরদের নিমিত্তে যে সকল কর্ম্ম তাহাতে করা যাইত তাহার জন্যে তাঁহারদের কিছু খরচ লাগিত না, কিন্তু আলিপুরের জেলখানায় ছাপার ও লিথগ্রাফের কার্য্য জেলখানার নির্ম্মিত দ্রব্যের মধ্যে গণ্য হইতেছে। অতএব আলিপুরের জেলখানায় কোন কার্য্যকারক সাহেবের কি ডিপার্টমেণ্টের নিমিত্তে যে কোন বিষয় লিথগ্রাফ করা যায় তাহার খরচ তাঁহারদের এই কালঅবধি দিতে হইবেক ইহা স্থির করা গিয়াছে। যে হিসাবমতে খরচ লাগিবেক তাহা বাঙ্গলাপ্রভৃতি দেশের জেলখানার ইনস্পেক্টর জেনরল সাহেব ইহার পরে প্রকাশ করিবেন।

---

১৭৫ নম্বর।

নিয়োগ।

১৮৫৯ সাল ২৩ ডিসেম্বর।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু তারাচাঁদ বাঁড়ুয্যা বর্দ্ধমানে ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু কালাচাঁদ দে কৃষ্ণনগরে ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নীলমাধব মুখুয্যা রাজধানীতে বিলায়তী টীকার সুপরিণ্টেডেণ্ট জেনরল সাহেবের আজ্ঞাধীনে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কালাচাঁদ দে যাবৎ কৃষ্ণনগরে না পঁহুছেন তাবৎ সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু করুণাকুমার সেন চিকিৎকালের নিমিত্তে ঐ স্থানের ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখুয্যা নওয়াখালীর ঔষধালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৯ সাল ৩১ ডিসেম্বর।

নিম্নের লিখিত মহাশয়েরা চাটিগাঁয়ে ঔষধালয়ের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত মৌলবী হামিদ উল্লা খাঁ বাহাদুর।

শ্রীযুত ফজল আলী খাঁ।

শ্রীযুত বাবু অভয়চন্দ্র দাস।

শ্রীযুত ডবলিউ সি ইডস সাহেব ও শ্রীযুত ডবলিউ পাটর্সন সাহেব (Messrs. W. C. Eades and W. Patterson,) বালেশ্বরে সাধারণলোকেরদের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

[*Government Gazette, 24th January*, 1860.]

১৮৬০ সাল ৩ জানুআরি।

আসিষ্টাণ্ট ওবর্সিয়র শ্রীযুত বাবু বিপ্রদাস মিত্র মহানদীর এলাকাহইতে কটক এলাকায় প্রেরিত হইয়াছেন।

প্রবেসানরি আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত ই কটওয়েল সাহেব (Probationary Assistant Overseer E. Cautwell,) গঙ্গা ও দারজিলিঙ্গের রাস্তায় নিযুক্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৪ জানুআরি।

রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকার ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এচ মেটকাফ সাহেব (Mr. H. H. Metcalfe,) ঢাকাতে প্রেরিত হইয়া উক্ত জিলায় ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন তিনি মাণিকগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণ ও ১৮৫৫ সালের ১০ আইনের ১ ধারায় মাজিষ্ট্রেটের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে কার্য্য করিবেন।

মাণিকগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জয়চন্দ্র গুহ রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের চতুর্থ অর্থাৎ পশ্চিম এলাকায় প্রেরিত হইয়াছেন। শ্রীযুত বাবু জয়চন্দ্র গুহ ১৮২২ সালের ৭ আইনানুসারে যশোহর ও পাবনা ও ফরিদপুর ও বাকরগঞ্জ ও চব্বিশপরগনা এবং সুন্দরবন এই সকল জিলায় কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ৪ জানুআরি।

কটকের জজ শ্রীযুত জে জে ওয়ার্ড সাহেব (Mr. J. J. Ward,) রাজধানীর স্থিরতর চিকিৎসকের কমিটির সম্মুখে উপস্থিত হওনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

উত্তরপাড়ার ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু দয়ালচন্দ্র বসাক এতদ্দেশীয় চিকিৎসকের প্রতি ঔষধালয়ের কর্ম্মের ভার অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

পুরাণ গির্জার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি জি লবলে সাহেব (Reverend G. Lovely,) কলিকাতার লার্ড বিশপ সাহেবের স্থানে যে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছিলেন তাহা ১৮৫৬ সালের নবেম্বর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে মঞ্জুর হইয়াছে।

---

২৪৫ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৭ জানুআরি।

নওগাঁয়েতে আসাম দেশের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত এল ইঙ্গলস সাহেব (Mr. L. Ingles,) ছোট আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬০ সাল ৯ জানুআরি।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা যাবৎ বীরভূমে না পঁহুছেন তাবৎ জিলার সদর আমীনের ও সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬০ সাল ১০ জানুআরি।

শ্রীযুত সুপরবাইজর হেমব্রো সাহেব (Mr. Supervisor Hembrough,) বারাকপুর এলাকাহইতে রামগড় এলাকায় প্রেরিত হইয়াছেন।

ছুটী।

১৮৬০ সাল ৫ জানুআরি।

মেদিনীপুরের সিবিল চিকিৎসক শ্রীযুত আর এটকিন্সন সাহেব (Mr. R. Atkinson,) আপন মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত নবগোপাল ঘোষালের প্রতি অর্পণ করিয়া ১৮৫৮ সালের আপ্রিল মাসের ২৮ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বহরমপুরের দাতব্য ঔষধালয়ের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু অভয়াচরণ নিয়োগী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণানুসারে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ৬ জানুআরি।

গঙ্গা ও দারজিলিঙ্গের রাস্তায় নিযুক্ত ওবর্সিয়র কর্পরাল সি মিটলেণ্ড সাহেব (Overseer Corporal C. Maitland,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

দারজিলিঙ্গের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ এস ফিসর সাহেব (Reverend H. S. Fisher,) ১৮৫৯ সালের জানুআরি মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণক্রমে সরকারী কর্ম্ম ত্যাগ করিতে প্রস্তুত হওনার্থে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

সিবিলসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) বর্ত্তমান মাসের ১১ তারিখে বেটীঙ্কনামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষ হইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিজ্ঞাপন।

১৮৬০ সাল ৯ জানুআরি।

ইহাতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। মধুবনী ও রায়গোলা গ্রাম পুরণিয়া নগরের শামিল হয়, এই অভিপ্রায়ে ১৮৫৬ সালের ২০ আইন অদ্যকার তারিখঅবধি পুরণিয়ার নিকট ঐ২ গ্রামে চলন হইবে।

১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে। গবর্ণমেণ্টের রাজস্বসম্পর্কীয় জরিপা কর্ম্মকারকেরদের যে নক্‌শা ১৮৫২ সালের ৩০ ডিসেম্বর তারিখে মঞ্জুর হয় ও ১৮৫৩ সালের ৫ জানুআরি তারিখের গবর্ণমেণ্ট গেজেটের ১৭ পৃষ্ঠায় প্রকাশ করা বিজ্ঞাপনমতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টে গ্রাহ্য হয়, সেই নক্‌শাতে ঐ২ গ্রামের ও পুরণিয়া নগরের যে সীমাঞ্চল নিরূপণ হইয়াছে, তাহাই ঐ সংযুক্ত নগরাদির সীমা জ্ঞান হইয়েক।

১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে, ঐ দুই গ্রামের যে টাক্‌স আদায় হইবেক তাহা যে লোকেরা টাক্‌স দিবার যোগ্য হন তাঁহারদের ভাবগতিক বুঝিয়া ও তাঁহারদের মত সম্পত্তি রক্ষা করিতে হইবেক তাহা বুঝিয়া বসান যাইবেক।

---

২৮১ নম্বর।

নিয়োগ।

১৮৬০ সাল ৬ জানুআরি।

আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুত বাবু যদুনাথ রায় রামগড় এলাকাহইতে বারাকপুর এলাকায় প্রেরিত হইয়াছেন।

প্রবেশ্যনবীশ আসিষ্টাণ্ট ওবরসিয়র প্রাইবেট পি কিরান্স সাহেব (Probationary Assistant Overseer Private P. Keerans,) রামগড় এলাকায় নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ জানুআরি।]

১৮৬০ সাল ১২ জানুআরি।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) নওয়াদহ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া বেহারে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৬০ সাল ১৬ জানুআরি।

শ্রীযুত আর বি কক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) হুগলীতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

শাহাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি পি কার্টার সাহেব (Mr. P. P. Carter,) উক্ত জিলার বন্দোবস্তকারি শ্রীযুত ডবলিউ এফ মাকডনেল সাহেবের (Mr. W. F. McDonell,) আজ্ঞাধীনে থাকিবেন।

১৮৬০ সাল ১৯ জানুআরি।

শ্রীযুত এ আবরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) ময়মনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) বগুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বেহার ও পাটনার অতিরিক্ত জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জি জি বালফোর সাহেব (Mr. G. G. Balfour,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডি জে মাকনীল সাহেব (Mr. D. J. McNeile,) নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৬০ সাল ১৪ জানুআরি।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ আর্থটন সাহেব (Mr. H. Atherton,) কর্ম্ম ত্যাগ করণাভিপ্রায়ে ১৮৫৭ সালের আপ্রিল মাসের ২৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে আগামি আপ্রিল মাসের ২ তারিখঅবধি মে মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

শাহিপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এ টি মাক্লীন সাহেব (Mr. A. T. Macleah,) বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৭ জানুআরি।

বাকরগঞ্জের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ টি টকর সাহেব (Mr. W. T. Tucker,) আপন সিরিশ্‌তার কার্য্যের ভার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিয়া ছুটী লইয়া ইউরোপে গমনার্থে ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের নির্দ্ধারণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

হুগলীর সিবিল ও সেশন জজ শ্রীযুত জে ডবলিউ ডালরিম্পল সাহেব (Mr. J. W. Dalrymple,) আপন সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারানুসারে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার ছোট অদালতের দ্বিতীয় জজ শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির

৭ ধারার ১ প্রকরণানুসারে দশ দিনের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের ডেপুটী কালেক্টর ও বন্দোবস্তকারক সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত মৌলবী মৌলাবকস অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটী বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বগুড়ার সদর আমীন ও মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রসুল তমকীন গত অক্টোবর মাসের ২৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ২ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬০ সাল ১৯ জানুআরি।

শ্রীহট্টের মাজিস্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ জে লঙমোর সাহেব (Mr. W. J. Longmore,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৭ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

রিবর্স তামসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা দিনাজপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের কালেক্টরির তৌজিভুক্ত নীচের লিখিত মাহাল সদর মালগুজারির দায়ে ইংরেজী ১৮৬০ সালের ১১ ফেব্রুআরি মোতাবেক ১২৬৬ সালের ৩০ মাঘ রোজ শনিবার উক্ত কালেক্টরি কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

প্রথম শ্রেণীর মাহাল। এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মাহাল।

২৪১ নম্বর মৌজে হরিবৎশপুর পরগনে দেওড়া মিলকিয়ত গদাধর ও কৃষ্ণলাল চক্রবর্ত্তী সদর জমা ১৬১৫ ৷৶৫৷৷ ১৮৬০ সনের ১৬ জানুআরি।

W. CLEMENTSON, *Deputy Collector in charge.*

জিলা পশ্চিমাংশ বর্দ্ধমান।

মোকাম বাকুণ্ডা।

সন ১৮৫৯ সাল ১১ আইন ৬ ধারা।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বর্দ্ধমান মোকাম বাকুণ্ডার নীচের লিখিত মহালের মালগুজারির বাকীর বাবত ইঙ্গরেজী সন ১৮৬০ সালের ৩ ফেব্রুআরি মোতাবক সন ১২৬৬ সালের ২২ মাঘ শুক্রবার দিবসে এই জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

দ্বিতীয় শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৩৩৪ নম্বর হুজুরি মহল নাকতড়া ৷৷০ মৌজা ও বেলডাঙ্গার ৷৷০ মৌজা মালিক কালীচরণ বিশ্বাস জমা ৭৬৷৯

RAMNARAYUN SUMODHAR, *Deputy Collector in charge.*

জিলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা রঙ্গপুর এই যে।

সন ১৮৫৯ ইঙ্গরেজির ১১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রঙ্গপুরের নীচের লিখিত মহাল সন ১২৬৬ সালের কিস্তী অগ্রহায়ণপর্য্যন্তের বাকি মালগুজারীর নিমিত্তক বাকিদারের স্বত্ব সন ১৮৬০ সালের ৭ ফেব্রুআরি মোতাবেক সন ১২৬৬ সাল ২৬ মাঘ রোজ মঙ্গলবার জেলা রঙ্গপুরের কালেক্টরি কাছারিতে নীলাম ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬০ ইঙ্গরেজি তারিখ ১৩ জানুআরি।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল। চাকলে ফতেপুর ৮ নম্বর মৌজে ধামুরওগএরহ লিখিত মালিক ফকিরচন্দ্র শাহা ও ঈশানচন্দ্র ও হরচন্দ্র ও ভৈরবচন্দ্র চৌধুরী সদর জমা ১৩১৪৶৫ পাই তাহার মধ্যে সন ১৮১৪ সালের ১৯ আইনের ৩৩। ৩৪ ধারার বিধানমতে ফকিরচন্দ্র শাহা মালিকের হক মৌজে নিজ ধামুর এক দেহা ও বক্রী দেহা সকলের রকম ৷৶১৩।– ক্রান্তি ঈশানচন্দ্র ও হরচন্দ্র চৌধুরীর হক হিস্যা বাদে ভৈরবচন্দ্র চৌধুরীর হক হিস্যা ।/৬৷৷= ক্রান্তি নীলাম হইবেক।

A. G. MACDONALD, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALBERT JOHN DE HOCHEPIED LARPENT, and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 4th day of February next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the receipts and disbursements of the Assignee from the first day of August 1856, until the sixth day of January 1860, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, 19th January, 1860.

[*Government Gazette, 24th January*, 1860.]

যোত্রহীনের উপকারার্থে আদালত।

যোত্রহীন আলবর্ট জান ডি হচিপীড লারপেণ্ট সাহেবের ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি ফেব্রুআরি মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে। এবং ১৮৫৬ সালের আগষ্ট মাসের ১ তারিখ অবধি ১৮৬০ সালের জানুআরি মাসের ৬ তারিখপর্য্যন্ত আলৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে ও প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

জান কক্রেন। সরকারী আলৈনি।

সরকারী আলৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৬০ সাল ১৯ জানুআরি।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সামান্য ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রেম কোর্টের বিজ্ঞাপন।
রিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর ... বাদী।
হরিশ্চন্দ্র মিত্রদিগর ... প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান জানের মাহার ২৭ তারিখে শুক্রবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময়ে সুপ্রেম কোর্টের রিসিবর শ্রীযুত জেমেষ ওয়েল্চ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতা চাঁদনী চক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস কোর্ট হৌস।

তারিখ ৯ জানের সন ১৮৬০ সাল।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে বিক্রেয় আছে মুল্য পাঠাইলে পাইবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শং ২৷৷০	প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪	কাজীর বিচার ৷৷০	প্রিয়ম্বদ ১৲
নূতনাভিধান ২০০০০ ঐ১৲	সপ্তকাণ্ড রামায়ণ প্রং ২	অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর	কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲
অমরার্থ দীধিতি ১৷৷০	আরব্যোপাখ্যান, ১ নাং	মানসিংহ চৌরপঞ্চাশতএক	জেকবের লা, ডিক্সনরি ১০৲
হরিভক্তি বিলাস সটীক ১০৲	৫, পঞ্চম খণ্ডে ৫	জেলদ ১০ খণ্ড প্রতিমূর্ত্তি ১	পূর্ণচন্দ্রোদয় ৮৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অ-	অপূর্ব্বোপাখ্যান, ২১ প্রং ২	রোবক ও হকিম মৌলবী	রাজা রামমোহন রায়ের
ষ্টাদশ পুরাণের অনুবাদ	বত্রিশ সিংহাসন, গদ্য ১	আবদুল মজ্জিদকৃত পারস্য	জীবনচরিত্র ৷০
গৌড়ীয় ভাষায় ১ অবধি	আচ্যকৃত ইং বাং ডিক্সনরি	ভাষার অভিধান ৪০	চিকিৎসাসার ১৷৷০
২৪ সংখ্যাপর্য্যন্ত ৬৲	অর্থাৎ ইং শব্দের ইং ও	রিচার্ডসন কৃত ইং পারস্য	কোলব্রুকের অমরকোষ ৮৲
এবং প্রতিমাসে এক২ খণ্ড	বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা	এবং পারস্য ও ইং ডিক্স-	ঐ ব্যবস্থা ... ২৪৲
প্রকাশ হইতেছে ৷০	এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে	নরি ২ বালম ৫০	ঐ হিন্দুলা ... ২৪৲
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভা-	কখন প্রকাশ হয় নাই ৫	রোম দেশীয় ইতিহাস ৬৲	ঐ মেকনাটন ২০৲
ষায় অনুবাদিত ১ ।২ ।৩	শিবসংকীর্ত্তন ১	গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲	গবর্ণমেণ্ট আইন ইং ১৭৯৩
৪।৫ ।৬ ।৭ ।৮ ।৯ স্কন্ধ ৪ ৸০	ইংরাজী শকুন্তলা ১	ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲	নাং ১৮৩৩, ৯বালম ১০০৲
যোগবাশিষ্ঠ১নাং২৬ সর্গ ৪	প্রবোধচন্দ্র নাটক ১	ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲	শব্দসাধন মুক্তাবলী ২৲
গীতাবলি ৷০	পুরাণের অনুক্রমণিকা ৷০	পঞ্চাবেতিহাস ১৲	চমৎকার হিরাজাদ ... ১৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত,	হিতোপদেশ ইং বাং সং ২	প্রাচীন ঐ ২৲	আলালের ঘরের দুলাল ৸০
		ন্যায়দর্শন ২৷৷০	মাজিষ্ট্রেটীয় উপদেশ ৬৲
		পুরাবৃত্ত বিবরণ ১৲	নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ
			যন্ত্রের আমদানী হইয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬০। ২৪ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JANUARY 27, 1860.

কলিকাতা শুক্রবার ১৮৬০ সাল ২৭ জানুআরি।

৪৩২৯ নম্বর।

বিজ্ঞাপন।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বিশেষ২ লোকেরা সর্ব্ব সাধারণের উপকারের জন্যে ১৮৫৮ সালে যে সকল কার্য্য আপনারদের খরচে করিয়াছেন তাহার এই ফর্দ্দ সকলের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

জিলা	যাঁহার নির্ম্মিত	যে প্রকারের কার্য্য	যে স্থানে হয়	খরচ
কটক	নিধিরাজ	পুকুর ...	মৌজা তুলটী পং শরগরা	৫০০৲
	অপর্ত্তী সাহু	ঐ ...	ঐ বারদা ঐ ...	২০০৲
পুরী	রাসবিহারী পট্টনায়ক, অড়ঙ্গ ভূসন্দপুরের দারোগা	১ পাতরের ইঁদারা	ভূসন্দপুর, জিলা রামেশ্বর, কিল্লা খুর্দ্দা	১০০৲
বালেশ্বর	পরগনে মুনহটের বারো বাটীর উদ্ধবচরণ দাস	১ পুকুর ...	পরগনে বাঙ্কাস মৌজা বালেশ্বরে জগন্নাথের রাস্তার ধারে	৩০০০৲
চাটিগাঁ	উমেদ আলী বরকন্দাজ ...	পাকা সাঁকোর গাঁথনি	মৌজা পাচালেশ ...	৫০৲
	সদর আলী	ঐ ঐ ...	... ...	৫০৲
	বিন্দু বাসিনী	কাঠের ঐ ঐ ...	ঐ গুজুরা ...	৩০০৲
	মনাগাজী সাকন্দর, ...	রাস্তা বাঁধে ...	ঐ চারত্তি ...	৮০৲
	দেওয়ান আলী	ঐ ঐ ...	ঐ লোহাগারা ...	৫৪৲
	মাগন দাস ও ইন্দ্রনারায়ণ ...	দুই ঐ ঐ ...	ঐ রায় চটা ও বোয়ালগাঁ	৭০০৲
	ফজু	ঐ ঐ ...	ঐ শাদনপুর ...	১০০৲
	মাগন দাস	রাস্তা মেরামতী ...	ঐ ঐ ...	১০০৲
	হয়দর আলী সওদাগর ...	পাকা সাঁকো নির্ম্মাণ	ঐ কাটাখালি নালা	৮০৲
	মবারক আলী	ঐ ঐ ...	ঐ বোধন চাটী ...	৯৫৲
	ঈশানচন্দ্র দেওয়ান ...	রাস্তা মেরামতী ...	ঐ সৈয়দ বাড়ী ...	২০৲
	বশারৎ আলী	কাঠের সাঁকো নির্ম্মাণ	ঐ মাগনখালি ...	২০০৲
	শ্রীমতী দয়াবিবি	নূতন রাস্তাবন্দি ...	ঐ করণদ্বীপ ...	৬০৲

জিলা	যাঁহার নির্ম্মিত	যে প্রকারের কার্য্য	যে স্থানে হয়	খরচ
নওয়াখালী	কেবলরাম বরজ	... পুকুর ...	মৌজা মীর ওয়ারিমপুর থানা বেগমগঞ্জ	১৮১৲
	আজীমুদ্দীন চৌকীদার	... ঐ ...	ঐ	৬০৲
	মহম্মদ আলী	... ঐ ...	ঐ তেতা হাজরা থানা বেগমগঞ্জ	৬০৲
	কাজিমদ্দী	... ঐ ...	ঐ কুমার গরিয়া ঐ ...	৫০৲
	রামানন্দ শীল	... ঐ ...	ঐ রামপুর ঐ ...	১০০৲
	করীমদ্দী	... ঐ ...	ঐ হোশনপুর ঐ ...	৬০৲
	ফকীর মহম্মদ	... ঐ ...	ঐ আলাদীননগর ঐ ...	১০০৲
	ফকীর মহম্মদ বরায়	... ঐ ...	ঐ জীরতালি ঐ ...	১৫০৲
	আমীরদ্দী	... ঐ ...	ঐ ঐ ...	১৭৫৲
	শ্রীমতী অযতনী	... ঐ ...	ঐ আলিপুর ঐ ...	৩০০৲
	ব্রজরাম পাটওয়ারী	... ঐ ...	ঐ কাচী ঐ ...	১৫০৲
	মহম্মদ পাটওয়ারী	... ঐ ...	ঐ ওমহানগর ঐ ...	৬০৲
	শ্রীমতী শনাই	... ঐ ...	ঐ নজরপুর ঐ ...	৬০৲
	গোপালকৃষ্ণ চক্রবর্ত্তী	... ঐ ...	ঐ ভবানীপুর ঐ ...	৬০৲
	জগন্নাথ মেহতর	... ঐ ...	ঐ রামনাগোর ঐ ...	১৫০৲
	বিরিঞ্চিনাথ চুণ্যে	... ঐ ...	ঐ ঐ ...	১০৮৲
	সোমী গাজী	... ঐ ...	ঐ মহম্মদপুর ঐ ...	১০৯৲
	আজিম পেয়াদা	... ঐ ...	ঐ রাজারামপুর ঐ ...	৯০৲
	শম্ভুনাথ দাস	... ঐ ...	ঐ কালিকাপুর ঐ ...	১২৫৲
	রামমোহন চং	... ঐ ...	ঐ ফলাহারী ঐ ...	৯০৲
	আজিমুদ্দীন মাজী	... ঐ ...	ঐ চর বলুয়া থানা দোহনিয়া মনিয়া	১৫০৲
	রণগাজী	... পাকা সাঁকো ...	ঐ শিগর্দী থানা রামগঞ্জ ...	২০০৲
	দেবু মাজী	... পুকুর ...	ঐ শাবিকারী থানা আমীরগাঁ	২২৫৲
	ঠাকুরদাস	... ঐ ...	ঐ মহেশচর লামচী ঐ ...	২১৯৲
	লক্ষ্মীনারায়ণ ঘোষ	... ঐ ...	ঐ মেঘচরা থানা ফরাশগঞ্জ ...	২০৫৲
বাকরগঞ্জ	বৈকুণ্ঠচন্দ্র চট্টোপাধ্যায়	... পুকুর ...	থানা গৌরনদীর শামিল মাদরা ...	৩০০৲
	রাইমণি চৌধুরাণী	... রাস্তা ...	ঐ কচুয়ার পুটিয়াঅবধি বলভদ্রপুরপর্য্যন্ত	২০০৲
ফরীদপুর	মহেশচন্দ্র শিকদার ও সরূপচন্দ্র রায়	পুকুর ...	ফরীদপুর ...	৩১৫৲
বীরভূম	ব্রজলাল মজুমদার ও কৃষ্ণলাল সিংহ	পুকুর মেরামতী	বান্দী ...	১০০৲
	মুরারি সেখ	... ঐ ...	খড়গ্রাম ...	৫০৲
	কাশীনাথ দাস	... ঐ ...	শ্রীপুর ...	১০০৲
	শ্রীধর সাহু	... ঐ ...	ঐ ...	১৫০৲
	চন্দ্রমোহন গোস্বামী	... ঐ ...	কামারপুর ...	১০০৲
	রামযদু ভূক্ষ	... পুকুর ...	রামকৃষ্ণপুর ...	২৫০৲
	গোলাম হুসেন	... ঐ মেরামতী	বানওয়ারহ ...	১০০৲
	কেনারাম মণ্ডল	... ঐ ...	জোয়ারভাঙ্গা ...	১৫০৲
	শিবরাম দে	... ঐ ...	রায়পুর ...	৩০০৲
	বলরাম বাঁড়ুয্যা	... ঐ ...	সরপী ...	২০০৲
	নফরচন্দ্র রায়	... ঐ ...	রাজকুসুমা ...	৫০০৲
	নদীয়ার চাঁদকুমার	... ঐ ...	কুমার খোলা ...	৪০০৲
	নিমাই রায়	... ঐ ...	তুলৈহরি ...	৪০০৲
হুগলী	গঙ্গাধর কর	... পুকুর ও পাকা ঘাট	মহানন্দ ...	২৫০০৲
	চাঁদা করিয়া	... সাঁকো ...	জগৎবল্লভপুর পরগনে বেলিয়া *	১৩০০৲
	রামনারায়ণ মুখুয্যা	... ঝীল ও দুই পাকা ঘাট	বাকশা পরগনে ঐ ...	৪০০০৲
